কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

*

কর্মক্ষেত্র

ISSN 0971-7765

বর্ষ ৪২ সংখ্যা ২২ কলকাতা বুধবার, ২৯ ডিসেম্বর ২০২১/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ১৩ পৌষ ১৪২৮ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

রাজ্য পুলিশের মাধ্যমে আবগারি দপ্তরে পুরুষ ও মহিলা কনস্টেবল
মেন পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৬

কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার গ্র্যাজুয়েট

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে কয়েক হাজার গ্র্যাজুয়েট তরুণ-তরুণী নেওয়া হবে। অফিসার, অ্যাসিস্ট্যান্ট, আপার ডিভিশন ক্লার্ক-সহ বিবিধ পদে নিয়োগ হবে। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন, 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন, ২০২১'-র মাধ্যমে। চারটি পর্যায়ে প্রার্থী বাছাই পরীক্ষা হবে— কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১ ও টিয়ার-২), খাতায়-কলমে (টিয়ার-৩) এবং প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট/ডেটা এন্ট্রি স্কিল টেস্ট (টিয়ার-৪)। কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১) নেওয়া হবে এপ্রিলে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র রয়েছে।

নিয়োগ হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ, অফিস ও

কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল (টিয়ার-১) পরীক্ষা এপ্রিলে

ক্যাডারে এইসব গ্রুপ 'বি' ও 'সি' পদে (বন্ধনীতে দপ্তর): গ্রুপ 'বি'— অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার (ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস), অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার (ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (ইন্টেলিজেন্স ব্যুরো), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (মিনিস্ট্রি অব রেলওয়ে), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস, ইন্টেলিজেন্স ব্যুরো, রেলওয়ে মন্ত্রক, বিদেশ মন্ত্রক, আর্মড ফোর্সেস হেড কোয়ার্টার, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি মন্ত্রক), বিবিধ মন্ত্রক, দপ্তর ও প্রতিষ্ঠানে অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার ও অ্যাসিস্ট্যান্ট/ সুপারিন্টেন্ডেন্ট, ইনস্পেক্টর-ইনকাম ট্যাক্স (সেন্ট্রাল বোর্ড অব ডিরেক্ট ট্যাক্সেস), ইনস্পেক্টর-সিজিএসটি অ্যান্ড সেন্ট্রাল এক্সাইজ (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস), ইনস্পেক্টর-প্রিভেন্টিভ অফিসার (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস), ইনস্পেক্টর-এক্সামিনার (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস), অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার (ডিরেক্টরেট অব এনফোর্সমেন্ট,

এরপর সাতের পাতায়

আর্মি, নেভি ও এয়ারফোর্সে ৪০০ অফিসার

শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক

ট্রেনিং দিয়ে আর্মি, নেভি ও এয়ারফোর্সে ৪০০ অফিসার নিয়োগ করা হবে। উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত তরুণ-তরুণীরা আবেদন করতে পারেন। ১৪৯তম ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি এবং ১১১তম ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি কোর্স শুরু হবে ২০২৩ সালের জানুয়ারি মাসে। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (১), ২০২২-এর মাধ্যমে। পরীক্ষা ১০ এপ্রিল। প্রথমে ট্রেনিং। সফল হলে চাকরি। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা ও শিলিগুড়ি। এই পরীক্ষার নোটিশ নম্বর: 3/ 2022-NDA-I. তারিখ ২২-১২-২০২১।

বাহিনী অনুসারে শূন্যপদ: ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমির ক্ষেত্রে মোট ৩৭০টি (আর্মি ২০৮, নেভি ৪২, এয়ারফোর্স ১২০)। ১০+২ ক্যাডেট এন্ট্রি স্কিমের ক্ষেত্রে

এরপর সাতের পাতায়

রাজ্যের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা ২৩ এপ্রিল

রাজ্যের বিভিন্ন কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি, ফার্মাসি ও আর্কিটেকচারের স্নাতক কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন-২০২২ আয়োজিত হবে ২৩ এপ্রিল (রবিবার)। পরীক্ষাটি পরিচালনা করবে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড।

বিষয় অনুসারে শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিং: ফিজিক্স, ম্যাথমেটিক্স এবং কেমিস্ট্রি বা বায়োলজি বা

এরপর দুয়ের পাতায়

আর্মি নেভি এয়ারফোর্সে ৩৪১ অফিসার

কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস পরীক্ষা ১০ এপ্রিল

আর্মি, নেভি ও এয়ারফোর্সে অফিসার র‍্যাঙ্কে চাকরির জন্য ট্রেনিং দিয়ে ৩৪১ জন তরুণ-তরুণীকে নওয়া হবে। গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। মহিলারা কেবলমাত্র অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (নন-টেকনিক্যাল) কোর্সের জন্য আবেদন করতে পারবেন। প্রথমে ট্রেনিং। সফল হলে চাকরি। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের এক্সামিনেশন নোটিস নম্বর: 4/ 2022.CDS-I. তারিখ ২২-১২-২০২১।

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (১), ২০২২-র মাধ্যমে। পরীক্ষা হবে ১০ এপ্রিল।

শূন্যপদ: দেরাদুনের ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমিতে ১৫৪তম (ডি ই) কোর্সের জন্য ১০০টি। এর মধ্যে এন সি সি 'সি' সার্টিফিকেটধারীদের (আর্মি উইং) জন্য ১৩টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। এঝিমালার ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে এক্সিকিউটিভ (জেনারেল সার্ভিস)/হাইড্রো কোর্সের জন্য ২২টি। এর মধ্যে ৩টি শূন্যপদ এন সি সি 'সি' সার্টিফিকেটধারীদের (ন্যাভাল উইং) জন্য সংরক্ষিত থাকবে। হায়দরাবাদের এয়ারফোর্স অ্যাকাডেমিতে প্রি-ফ্লাইং ট্রেনিং কোর্সের জন্য ৩২টি। এর মধ্যে ৩টি শূন্যপদ এন সি সি 'সি' সার্টিফিকেটধারীদের (এয়ার উইং) জন্য সংরক্ষিত থাকবে। চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ছেলেদের ১১৭তম এস এস সি কোর্সের (এন টি) জন্য ১৭০টি। চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে মহিলাদের ৩১তম এস এস সি (নন-টেকনিক্যাল) কোর্সের জন্য ১৭টি।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির ক্ষেত্রে কোর্স শুরু হবে ২০২৩-এর জানুয়ারি মাসে। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির ক্ষেত্রে কোর্স শুরু হবে ২০২৩-এর এপ্রিল মাসে।

পরীক্ষায় সফল হলে প্রাথমিক ট্রেনিং হবে এইসব প্রতিষ্ঠানে: (১)

এরপর তিনের পাতায়

কেন্দ্রীয় সরকারে ১৮৩

বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রকে ১৮৩ জন অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, জুনিয়র টাইম স্কেল, অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার নিয়োগ করা হবে। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। নিয়ম ও পদ অনুসারে প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ১৯/২০২১।

শূন্যপদের বিবরণ: ভ্যাকেন্সি নম্বর ২১১২১৯০২৬২৫: **অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার-কোয়ালিটি অ্যাসিওরেন্স (আর্মামেন্ট-অ্যামিউনিশন):** ২৯টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স বা কেমিস্ট্রি (অর্গ্যানিক বা ইনঅর্গ্যানিক)-তে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা মেকানিক্যাল বা প্রোডাকশনে বি ই বা বি টেক। সেই সঙ্গে ২ বছরের অভিজ্ঞতা। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে প্রতিরক্ষা মন্ত্রকের ডিফেন্স প্রোডাকশন দপ্তরের ডিরেক্টরেট জেনারেল কোয়ালিটি অ্যাসিওরেন্সে।

ভ্যাকেন্সি নম্বর ২১১২১৯০৩৬২৫: **অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার-কোয়ালিটি অ্যাসিওরেন্স (ইলেক্ট্রনিক্স):** ৭৪টি (সাধারণ ৩৬, তফসিলি জাতি ১১, তফসিলি

এরপর সাতের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন



প্রচণ্ড ঝাল লঙ্কা ডালে খুরসানি দেখাতে পারে স্বনিযুক্তির পথ

পার্বত্য এলাকায় ফলে তীব্র ঝাল লঙ্কা ডালে খুরসানি। পাহাড়ি মানুষের রান্নাঘরে ডালে খুরসানির উপস্থিতি অনিবার্য। এ থেকে তাঁরা তৈরি করেন সস এবং সুস্বাদু আচার। পাইকারি হারে সেই প্রক্রিয়াজাত খাবার কিনে এনে বা আস্ত লঙ্কা কিনে নিজের বাড়িতেই সস-আচার বানিয়ে স্থানীয় বাজারে বা দোকানে জোগান দিতে পারেন। উপার্জনের ভালো সম্ভাবনা।

নিজস্ব প্রতিনিধি: সিকিম, দার্জিলিং বা কালিম্পংয়ের কোনও রেস্তোরাঁ বা রাস্তার ধারের কোনও দোকানে মোমো অর্ডার করেছেন। অবশ্যম্ভাবী ভাবে খাদ্যটি পরিবেশিত হবে গাঢ় লাল রঙের এক প্রকার সস বা চাটনি সহযোগে। ওই সস বা চাটনিটি তৈরির জন্য প্রধান উপকরণ হিসেবে ব্যবহৃত হয়েছে ডালে খুরসানি।

নেপালি ভাষায় 'ডালে' শব্দটির অর্থ 'গোলাকার' আর 'খুরসানি' মানে লঙ্কা। দুনিয়ার সবচেয়ে ঝাল লঙ্কার প্রজাতিগুলির অন্যতম ডালে খুরসানি। নেপাল, সিকিম, দার্জিলিং ও কালিম্পংয়ের পাহাড়ে জন্মায় এই লঙ্কা। এই সব অঞ্চলের পাহাড়ি গ্রামগুলির প্রায় প্রতিটি বাড়িতেই ডালে খুরসানির কিছু গাছ থাকবেই, পারিবারিক হেঁসেলে ব্যবহারের জন্য। গ্যাংটক, দার্জিলিং ও কালিম্পং শহরের বাজারেও ডালে খুরসানি পাওয়া যায়।

বিবিধ ঔষধিগুণ সম্পন্ন ডালে খুরসানি থেকে তৈরি সুস্বাদু সস, আচার, চিলি ফ্লেক্সের জনপ্রিয়তা এবং ভালো বাজার আছে সিকিম ও

এরপর পাঁচের পাতায়

কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

কর্মখালি

টেলিকম 4G কোং SMS/জব পুরুষ/ মহিলা ঘরে বসে রোজগার 18,000-45,000/ মাসে ল্যাপটপ+মোবাইল ফ্রি। নাম+ঠিকানা: Call/WApp/SMS 98317-71154, 98317-72379.

□

ইংরেজি মাধ্যমের সাত বছর বয়সের ছাত্র। স্কুলের পড়াশোনা এবং দায়িত্ব সহ সারাদিনের দেখাশোনার জন্য গুরুগাঁওতে একজন ইংরেজি মাধ্যমে শিক্ষিত মহিলা প্রয়োজন। খাওয়া-থাকা এবং বেতন মাসিক 20,000/-. 98302-92182, 98102-83686.

□

Restaurant Jobs near Mysore, Karnataka. Pizza Maker, Pastry Bakery Chef, Juice Master, Captains, Waiters, HK staff, Call: 97310-71173 Cafecounty operations@gmail.com

□

Wanted female graduate for an infertility clinic at Behala. Call: 98301-50438 (5 PM to 7 PM)/ 98749-42884.

□

Excellar Healthcare Mumbai wishes to recruit veterinary representatives for different place of W.B. Only fresh science graduates preferably Bio Science possessing own motor cycle with flair of travelling and communicating can apply to ganapati1015@gmail. com M: 89811-30499/ 629119-9206 Salary: 17000 p.m.

□

Wanted sales executive by real estate company for projects in Garia region, minimum 2 years experience. Contact: 98311-79050.

□

Trainer with Auto Mobile Diploma required for a Motor Driving School at 4D, Rajani Kanta Das Rd., Kol- 78. Contact: 98309-85285.

□

পুরুলিয়া বাগমুন্ডি কিশোর ভারতী আশ্রম বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদের জন্য আবেদনপত্র আহ্বান করা হচ্ছে বিজ্ঞাপন প্রকাশের ২১ দিনের মধ্যে। যোগ্যতা: M.Sc/MA, B.Ed ১০ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। বয়স 55 বছরের মধ্যে। ঠিকানা: ৮১, দেবীনিবাস রোড, কলিকাতা-৭৪, সম্পাদক-কিশোর ভারতী উন্নয়ন সংস্থা।

□

নদিয়ার একটি প্রতিষ্ঠিত manufactur-ing industry-র accounts করতে একজন Tally-তে অভিজ্ঞ পারদর্শী accountant চাই। Salary negotiable. Mail Id: shibnath2011@gmail.com

□

৬০ অনূর্ধ্ব প্রতিষ্ঠিত ব্যবসায়ীকে দেখাশোনার জন্য একজন সর্বক্ষণের বিশ্বস্ত Governess চাই। 98308-80384, 98310-23592.

□

জেলাভিত্তিক সরাসরি চাকরি। নামসই-স্নাতক, স্টোরকিপার/S.V/অফিস ইনচার্জ ব্যাংক অফিস/লেবার/পিওন পদে Male/female চাই। বেতন: 16.5K-22.5K M: 82749-53546.

□

মেডিকেল রিপ্রেজেন্টিভ চাই। District wise কাজের জন্য। Salary: 10k+ Commission যোগাযোগ: 74390-20782.

□

Lady CCTV Operator with computer knowledge & Counter Sales Boy, HA-47, Salt Lake, Sec-3 M: 86970-64667/98300-37410.

□

কর্মখালি

ভবানীপুর (কলিকাতা) ব্রাঞ্চের জন্য কিছু Govt-Retd/VRS প্রয়োজন। পার্টটাইম ম্যানেজার দরকার। আয় 20K+Others. বয়স: 50-64 HS+ Mrs. Karmakar: 87770-58651.

□

শিক্ষিত সুশ্রী সৎ অসহায় সম্পূর্ণ পিছুটানহীন ৩৫-৫০ মহিলা চাই। ৬৩ একা পুরুষের সংসারে সব কাজ থাকা খাওয়া ৫০০০/- 83359-78583.

□

পশ্চিমবঙ্গের প্রখ্যাত মেডিক্যাল (NEET) কোচিং প্রতিষ্ঠানে ন্যূনতম স্নাতক পাশ, স্মার্ট, সুদর্শনা এবং দক্ষ মহিলা Academic Coordinator চাই। Fresher Can apply. কলকাতা অগ্রগণ্য। অতি সত্বর নিয়োগ। আকর্ষণীয় বেতন। অফিস Shakespeare Sarani-তে। টেলিফোনিক ইন্টারভিউয়ের জন্য ফোন করুন: 98300-23894 (10am-6pm).

□

শূন্যপদ ৩টি, প্লাস্টিক-এর মেটেরিয়াল বিক্রির কাজের জন্য অভিজ্ঞ ব্যক্তিদের প্রয়োজন। যোগাযোগ: 96747-31590, Vin Poly Technologies Pvt. Ltd. 58, সাউদার্ন অ্যাভেনিউ ২য় তল, কলকাতা-29.

□

Renowned Nursing Institute at Siliguri requires M.Sc. Nursing Faculty. Experience 0-3 yrs preferable Fresher may apply. Contact: 81166-03564 ashiksarki30 @gmail.com, sroyrad@gmail.com

□

কলকাতার শেক্সপিয়ার সরণিতে অবস্থিত একটি নামী শিক্ষাপ্রতিষ্ঠান, The NEET School-এ Physics, Chemistry ও Biology বিষয়ের জন্য দক্ষ Typist (DTP Operator) ও Proofreaders চাই। ন্যূনতম Graduate ও অভিজ্ঞতা অগ্রগণ্য। Part/Full Time. অতি সত্বর নিয়োগ। আকর্ষণীয় বেতন। টেলিফোনিক ইন্টারভিউ-এর জন্য ফোন করুন: 98306-23337 (10am-5pm).

□

অবিলম্বে বিশেষায়িত নন-লৌহঘটিত কাস্টিংয়ের জন্য রসায়নবিদ/ধাতুবিদ প্রয়োজন। স্থান: কলকাতা, যোগাযোগ ব্যক্তি: রোহিত রাঠি M. No.: 86977-13338.

□

Retired/VRS/সহৃদয় আমাদের MNC-তে স্বাগত। বয়স: 40-65 বছর, 30k-40k অন্যান্য সুবিধা। Call/WhatsApp: 98316-20906/81004-66722.

□

Require B. Arch/Dip. Arch/ Draftsman/Dip. Civil having experience of 5-10 yrs. in all types of Architectural drawing designs etc. Proficiency in 3D Max preferable.cacon.resume@gmail.com

□

1. **Required Diploma/Degree** Engineer for Landscaping, Drawing specially for Aboriculture & Horticulture. 2. Required Marketing Person specialised in Digital & Field Marketing. Interested person can apply on hrotrd123@ rediffmail.com

□

কর্মখালি

বিখ্যাত MNC-র কলি মেন ব্রাঞ্চে Govt Retd/VRS Other-দের ম্যানেজার পদে নিয়োগ। আয় 40-50k P.M, সীমিত পদ। Age 30-64, HS, N.C ROY 90733-05096.

□

Accountant- 1-2 yrs. exp. in Tally, GST, MS Office. SAP Operator- 1-2 yrs. exp. in SAP (Logistics/ Warehouse) and MS Office. Email: usmspl@gmail.com Location: Mogra, Hooghly.

□

জনপ্রিয় Aqua Culture Brand, দঃ ২৪ পঃ জেলার জন্য নিজ বাইক সহ অভিজ্ঞ Sr. Sales Executive চাই। Salary+TA-DA+Incentive. M: 99034-10008. Mail: corporate.ccr@gmail.com

□

শ্যামবাজার পাঁচ মাথার মোড়ে জিম-এর জন্য ট্রেনার প্রয়োজন। 27/12/21 থেকে ফোন করুন M: 94325-62476 হরিপদ দত্ত রং-এর দোকান, 10, Bhupen Bose Ave. Kol- 4. Opp. শ্যামবাজার মেট্রো Gate No. 1.

□

MNC হিন্দুস্তান লিভার, অন্নপূর্ণা, ডাবর, ব্রিটানিয়া কুরকুরে, থার্মকল, চিপস কোম্পানিতে 40 জন male/female চাই। PF+ESI+OT বেতন 13k-45k. 70446-88993.

□

Pvt ব্রিটানিয়া আশীর্বাদ Pepsi ফরচুন DSA-তে ম্যানেজার TC/Peon রিশেপসনিস্ট স্টোরকিপার 30 male/ female নিয়োগ। ESI+PF+OT বেতন: 13k-40k. 89614-99989.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১ জানুয়ারি দুপুর ২টো পর্যন্ত।

□□□

১২ জানুয়ারি **কর্মক্ষেত্রর** জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৮ জানুয়ারি দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন গ্রহণের সময়

রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

কর্মখালি

প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব

W.B L/C No. Kol-50W85, পঃবাংলার বিভিন্ন প্রান্তে Pvt. Bank-এ Back Office, এছাড়া বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন: 18,500/- – 34,700/-, ছুটি, বোনাস, ESI, PF এছাড়া অন্যান্য সুবিধা থাকবে। Help: 86974-10492.

□

Walk in Interview 30.12.2021

মাধ্যমিক বিভাগের জন্য ইংরাজি, ভৌতবিজ্ঞান, জীবনবিজ্ঞান ও উচ্চমাধ্যমিক বিভাগের জন্য পদার্থবিদ্যা ও জীববিদ্যার আবাসিক/ অনাবাসিক শিক্ষক/ শিক্ষিকা প্রয়োজন। দ্রুত যোগাযোগ করুন: রহমতে আলম মিশন, বেড়াচাঁপা, উত্তর ২৪ পরগনা, মোঃ ৯৭৩৩৮-১৫৯৬৭।

□

জাহাজ ও ডকে চাকরি

W.B Kol L/C No. WBKol-70N65 পঃ বাংলার বিভিন্ন জেলার কর্মপ্রার্থীদের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F নিয়োগ করানো হচ্ছে। Salary: 21,750/- – 56,500/-, থাকা, খাওয়া-সহ ছুটি, বোনাস, ESI, PF এছাড়া 4 মাস 15 দিন কাজ করার পর 23 দিনের ছুটি with Salary, পোস্টিং এরিয়া পঃবাংলার বিভিন্ন প্রান্তে। Help: 83273-29779.

□

Axis, HDFC, বন্ধন ব্যাঙ্ক DSA-তে নিজ জেলায় বিভিন্ন পদে M/F চাই। বেতন: 15K-22K + PF, ESI, যোগাযোগ: 94326-65439.

□

কর্মখালি

শীঘ্র নিয়োগ

অজন্তা বিস্কুট, মেডিসিন চিপস জল Co.-তে M/F চাই। থাকা-খাওয়া ফ্রী। বেতন: 12,000/- – 18,000/-, Mob: 83709-52035.

□

আর্জেন্ট ভ্যাকান্সি

পঃবঃ প্রতিটি জেলায় 4G ও 5G টাওয়ার Co.-তে সুপারভাইজার, Peon, CCTV অপারেটর ATM গার্ড পদে কর্মী নিয়োগ চলছে। বেতন: 12,700/- – 19,500/-, M: 90731-95360.

□

জেলাভিত্তিক স্থায়ী কাজ

প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্র, ATM, টাওয়ার Co, ফ্যাক্টরি, অফিস, শপিংমলে কর্মী নিয়োগ। (বেতন: 12,500/- – 22,500/-), M: 90515-60042.

DISCLAIMER
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

রাজ্যের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা ২৩ এপ্রিল

প্রথম পাতার পর

বায়োটেকনোলজি বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশন বা টেকনিক্যাল ভোকেশনাল বিষয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়-সহ উচ্চমাধ্যমিক পাশ। তিনটি বিষয়ে মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

ফার্মাসি: ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স বা বায়োলজির মধ্যে যে-কোনও একটি বিষয়-সহ উচ্চমাধ্যমিক পাশ। তিনটি বিষয়ে মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

মেরিন ইঞ্জিনিয়ারিং: ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক পাশ। তিনটি বিষয়ে মোটঅন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে ইংরেজিতে ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

আর্কিটেকচার: ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি কাউন্সিল অব আর্কিটেকচার দ্বারা পরিচালিত 'ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচার' পরীক্ষা।

বয়স: ৩১-১২-২০২২ তারিখে অন্তত ১৭ বছর হতে হবে। মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির ক্ষেত্রে বয়স হতে হবে ১৭ থেকে ২৫ বছরের মধ্যে।

জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষাটি নেওয়া হবে দু'টি পত্রে— পেপার ওয়ান ও পেপার টু। পেপার ওয়ানে প্রশ্ন হবে ম্যাথমেটিক্স (১০০ নম্বর) এবং পেপার টুয়ে প্রশ্ন হবে ফিজিক্স (৫০ নম্বর) ও কেমিস্ট্রি (৫০ নম্বর) বিষয়ে। প্রশ্ন হবে মাল্টিপল চয়েস ধরনের। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষার সময় পেপার ওয়ানের ক্ষেত্রে সকাল ১১টা থেকে দুপুর ১টা এবং পেপার টুয়ের ক্ষেত্রে দুপুর ২টো থেকে বিকেল ৪টে। পরীক্ষার বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: https://wbjeeb.nic.in ১৮ এপ্রিল (সম্ভাব্য) থেকে পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোডও করা যাবে এই ওয়েবসাইট থেকে। বিভিন্ন জেলায় একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

অনলাইন দরখাস্ত করা যাবে ১০ জানুয়ারি পর্যন্ত এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbjeeb.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের সময় প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো (হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে, ১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (তফসিলি এবং ও বি সি প্রার্থীদের ক্ষেত্রে ৪০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। আবেদনের সময় কোনও ভুল হয়ে থাকলে তা সংশোধন করা যাবে ১১ জানুয়ারি থেকে ১৩ জানুয়ারির মধ্যে। কনফার্মেশন পেজ ডাউনলোড করার শেষ তারিখ ১৩ জানুয়ারি।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই ফোন নম্বরগুলিতে: ১৮০০-১০২৩-৭৮১, ১৮০০-৩৪৫০-০৫০।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ক্লিনিক্যাল রিসার্চের সার্টিফিকেট কোর্স

ফার্মাকোভিজিল্যান্স ইন ক্লিনিক্যাল রিসার্চের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার। কোর্সটি অ্যাডভান্সড মেডিক্যাল রিসার্চ ইনস্টিটিউট (এ এম আর আই) হসপিটালসের সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে। কোর্সের মেয়াদ ৬ মাস।

শিক্ষাগত যোগ্যতা: বি ফার্ম, বি ফার্ম (আয়ুর্বেদিক), এম ফার্ম (আয়ুর্বেদিক), এম বি বি এস, এম ডি, বি ডি এস, এম ডি এস, নার্সিং, বি এইচ এম এস, বি ভি এস সি, প্যারামেডিক্যাল কোর্সে ডিপ্লোমা এবং লাইফ সায়েন্স-সহ বি এসসি পাশ।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের ফর্ম সংগ্রহ করে নেবেন বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন সেন্টার থেকে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ ১৪ জানুয়ারি।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯০৮৮৪-০১৩৫৪।

অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশনের বৃত্তিমূলক আবাসিক কোর্স কেবল হাওড়ার তফসিলি ও বি পি এলদের জন্য

কাস্টমার কেয়ার এক্সিকিউটিভ এবং ইন্ডাস্ট্রিয়াল সিউইং মেশিন অপারেটর কোর্সে ভর্তি নিচ্ছে অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন। কেবল হাওড়া জেলার তফসিলি জাতি, তফসিলি উপজাতি এবং বিপিএল (সাধারণ) পরিবারভুক্ত ছেলেমেয়েরা ভর্তি হতে পারবেন। দীনদয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল যোজনার আওতায় প্রশিক্ষণ দেওয়া হবে। দু'টি কোর্সের ক্ষেত্রেই মূল কোর্সের পঠনপাঠনের পাশাপাশি পার্সোন্যালিটি ডেভেলপমেন্ট, কম্পিউটার স্কিল, বেসিক ইংলিশ ইত্যাদি বিষয়গুলিও শেখানো হবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৫ জানুয়ারি।

ভর্তির জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে।

প্রশিক্ষণ শুরু হবে ১০ জানুয়ারি থেকে। কোর্সের মেয়াদ ৩ মাস। দুটি কোর্সই সম্পূর্ণ আবাসিক। হোস্টেলে থেকে পড়াশোনা করতে হবে। হোস্টেলে থাকা-খাওয়ার জন্য কোনও খরচ লাগবে না।

ভর্তির জন্য আবেদনপত্র জমা নেওয়া শুরু হয়েছে। আসনসংখ্যা সীমিত। আগে-এলে-আগে-সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। কোর্স শেষে পরীক্ষার মাধ্যমে শংসাপত্র দেওয়া হবে। কোর্স শেষে বিভিন্ন সংস্থায় কাজের সুযোগ রয়েছে।

প্রশিক্ষণের জন্য যোগাযোগ: অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন (সিমেন্ট কারখানার ভিতরে), সাঁকরাইল, ধুলাগড়ি, হাওড়া (সময়: সকাল ১০টা থেকে বিকেল ৫টা)। প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: ৯৭৪৮৪-০৭৯০০/৭৯৮০৭-২০৮৬৮।

আর্মি নেভি এয়ারফোর্সে ৩৪১ অফিসার

প্রথম পাতার পর

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, দেরাদুন, (২) ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি, এঝিমালা, (৩) এয়ারফোর্স অ্যাকাডেমি, হায়দরাবাদ, (৪) অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি, চেন্নাই।

এয়ারফোর্স অ্যাকাডেমিতে ভর্তির জন্য শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট ডিগ্রি। ফিজিক্স ও অঙ্ক নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করে থাকা চাই। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। শুধুমাত্র তরুণরা আবেদন করবেন। ২৫ বছরের কমবয়সি প্রার্থীদের অবশ্যই অবিবাহিত হতে হবে। **বয়স:** ১-১-২০২৩ তারিখে ২০ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ থাকতে হবে ২-১-১৯৯৯ থেকে ১-১-২০০৩-এর মধ্যে। কমার্শিয়াল পাইলট লাইসেন্সধারীদের ক্ষেত্রে ২৬ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ থাকতে হবে ২-১-১৯৯৭ থেকে ১-১-২০০৩-এর মধ্যে।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি ও অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ভর্তির জন্য শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমির জন্য কেবলমাত্র অবিবাহিত তরুণরা আবেদন করতে পারবেন। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে শর্ট সার্ভিস কমিশন কোর্সটির জন্য অবিবাহিত তরুণরা আবেদন করতে পারবেন। শর্ট সার্ভিস কমিশন উইমেন (নন-টেকনিক্যাল) কোর্সটির জন্য অবিবাহিত মেয়েরা, বিধবা ও বিবাহবিচ্ছিন্নারা সন্তানহীনা হলে এবং আবার বিবাহ না করে থাকলে আবেদন করতে পারবেন। **বয়স:** ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমির ক্ষেত্রে জন্মতারিখ থাকতে হবে ২-১-১৯৯৯ থেকে ১-১-২০০৪-এর মধ্যে। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির ক্ষেত্রে জন্মতারিখ থাকতে হবে ২-১-১৯৯৮ থেকে ১-১-২০০৪-এর মধ্যে।

ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে ভর্তির জন্য শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। শুধুমাত্র অবিবাহিত তরুণরা আবেদন করতে পারবেন। **বয়স:** জন্মতারিখ থাকতে হবে ২-১-১৯৯৯ থেকে ১-১-২০০৪-এর মধ্যে।

দৈহিক মাপজোক: ছেলেদের ক্ষেত্রে: আর্মির জন্য উচ্চতা অন্তত ১৫৭.৫ সেমি, নেভির ক্ষেত্রে ১৫৭ সেমি ও এয়ারফোর্সের ক্ষেত্রে ১৬২.৫ সেমি। মহিলাদের ক্ষেত্রে: অন্তত ১৫২ সেমি। উভয় ক্ষেত্রেই গোর্খা ও পার্বত্য এলাকার প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন। উচ্চতা ও বয়সের অনুপাতে ওজন থাকতে হবে। এছাড়া সুগঠিত ও অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা-সহ বুকের ছাতি থাকতে হবে (মহিলাদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)। এয়ারফোর্সের ক্ষেত্রে পায়ের মাপ দরকার লম্বায় ৯৯-১২০ সেমি, থাই লম্বায় সর্বোচ্চ ৬৪ সেমি ও বসে থাকা অবস্থায় উচ্চতা ৮১.৫-৯৬ সেমি। আর্মি ও নেভির ক্ষেত্রে কোনও কড়াকড়ি নেই।

দৃষ্টিশক্তি: আর্মির ক্ষেত্রে ন্যূনতম দূরের ক্ষেত্রে চশমা ছাড়া ৬/৬, চশমা থাকলে ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/১৮। মায়োপিয়া মাইনাস ৩.৫ ডি-র বেশি হলে চলবে না। রং চেনার ক্ষমতা সি পি-টু মানের হতে হবে। এয়ারফোর্সের ক্ষেত্রে ন্যূনতম দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। শুধুমাত্র হাইপারমেট্রোপিয়ার ক্ষেত্রে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। চশমা থাকলে আবেদন করা যাবে না। রং চেনার ক্ষমতা সি পি-ওয়ান মানের হতে হবে। নেভির ক্ষেত্রে চশমা ছাড়া দৃষ্টিশক্তি হতে হবে উভয় চোখে ৬/১২, চশমা-সহ ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। মায়োপিয়া মাইনাস ১.৫-এর বেশি হলে চলবে না। মেয়েদের ক্ষেত্রে দৃষ্টিশক্তি: ন্যূনতম দূরের ক্ষেত্রে চশমা ছাড়া ৬/৬, চশমা থাকলে ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/১৮। মায়োপিয়া মাইনাস ৫.৫ ডি-র বেশি হলে চলবে না। সব ক্ষেত্রেই লাল ও সবুজ রং চেনার স্বাভাবিক ক্ষমতা, স্বাভাবিক শ্রবণশক্তি ও নিখুঁত শারীরিক ও মানসিক স্বাস্থ্য থাকা দরকার। কোনওরকম দৈহিক ত্রুটি এই কাজের প্রতিকূল।

পরীক্ষাকেন্দ্র, পরীক্ষার সিলেবাস: প্রার্থী বাছাইয়ের জন্য লিখিত পরীক্ষা নেবে ইউ পি এস সি। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা ও শিলিগুড়ি।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির ক্ষেত্রে লিখিত পরীক্ষা হবে এই তিন বিষয়ে: ইংলিশ, জেনারেল নলেজ, এলিমেন্টারি ম্যাথমেটিক্স। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ভর্তির পরীক্ষা হবে শুধু ইংলিশ ও জেনারেল নলেজ বিষয়ে। সব ক্ষেত্রেই প্রতি পেপারে ১০০ নম্বর। সময় ২ ঘণ্টা করে। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং থাকবে। এলিমেন্টারি ম্যাথমেটিক্সে থাকবে পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি, পরিমিতি, ট্রিগোনোমেট্রি ও রাশি-বিজ্ঞানের ওপর মাধ্যমিক মানের প্রশ্ন। লিখিত পরীক্ষায় সফল হলে ৩০০ (অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির ক্ষেত্রে ২০০) নম্বরের ইন্টেলিজেন্স অ্যান্ড পার্সোন্যালিটি টেস্ট। এটি দু'পর্যায়ে নেওয়া হবে। প্রথম পর্যায়ে থাকবে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট ও পিকচার পারসেপশন ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকবে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজি টেস্ট ও কনফারেন্স। গোটা প্রক্রিয়া মোট ৪ দিন ধরে চলবে।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে মাসিক ৫৬,১০০ টাকা। সফল ট্রেনিং শেষে নিয়োগ হবে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে। তখন বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। চিফ অব দ্য আর্মি স্টাফ র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ১১ জানুয়ারি পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও সই (জে পি জি ফর্ম্যাটে ২০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। অনলাইন ও অফলাইন, উভয় পদ্ধতিতেই ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ভিসা বা মাস্টার বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ডে অথবা স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। অফলাইনের ক্ষেত্রে নগদেও ফি জমা দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। মহিলা ও তফসিলি প্রার্থীদের ফি দিতে লাগবে না। অফলাইনে ফি জমা দেওয়ার চালান জেনারেট করার শেষ তারিখ ১০ জানুয়ারি।

দরখাস্ত প্রত্যাহার করা যাবে ১৮ থেকে ২৪ জানুয়ারি পর্যন্ত।

বিশদ তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

Jadavpur University
Clinical Research Centre (CRC)
in Collaboration with
Amri Hospital, Kolkata
announces Certificate Course in **"Pharmacovisilence in Clinical Research"**.
Duration : 9 months
Eligibility : Graduate (Science) and Above.
Last Date of Application 28 January 2022.
100% Job Assistance.
Cont.: **9088401354**

PANDAVESWAR SCHOOL OF PHARMACY
Address : Vill & PO & PS - Pandaveswar, NH 60, Pandaveswar Raniganj Road, Dist : Paschim, Bardhaman - 713346, W.B
WANTED ASSISTANT PROFESSORS & ASSOCIATE PROFESSORS
in the following Pharm Discipline :
Pharmaceutical Chemistry ■ Pharmacology ■ Pharmacognosy
All Applicants must have M.Pharm Degree in their respective discipline. For Associate Professor, minimun 8 Years Experience. For Assistant Professor, 0-5 Years Experience. Salary as per AICTE & PCI norms.
Apply within 15 days from the date of Advertisement. Send your resume to: **directorpspharmacy@gmail.com / Principalpsp@gmail.com**

BARASAT INDIRA GANDHI MEMORIAL HIGH SCHOOL
18, JESSORE ROAD, BARASAT, KOLKATA - 700 124
REQUIRES P.G.T. IN
HISTORY I GEOGRAPHY
ECONOMICS I MATHEMATICS
COMPUTER SCIENCE I ENGLISH
HOME SCIENCE I COMMERCE

Interested Candidates may send their updated Bio-data with latest photograph within 10th January, 2022 to
E-mail Id: principalbigmhs@gmail.com

MSME- TOOL ROOM, KOLKATA
(Central Tool Room & Training Centre)
Under Ministry of MSME, Govt. of India
Bon Hooghly Industrial Area, Kolkata- 700108, Ph.: 9330193304
E-mail : cttc-msme@gov.in, Website : www.msmetoolroomkolkata.com

WINTER VACATION COURSES FOR ENGINEERING STUDENTS

MSME TOOL ROOM, KOLKATA is the leading Tool Room & Training Centre of India to impart skill based Training programme in the field of **CAD / CAM / CNC / CAE Technology / VLSI / PLC / Hardware & Network Management** for Graduate Engineering students. For the year 2021-22 we oer Winter Vacation Courses during **Nov / Dec / Jan / Feb** specially designed for all Engineering and relevant branch students.

Non Mechanical Courses

Branch	Courses	Duration	Course Fee (Rs.)	Oered Fee (Rs.)
Computer Science, Information Technology BCA, MCA or any Engineering Degree / Diploma	* Hardware & Networking	1 Month	6000	4800
	Advance Networking	1 Month	6000	4800
	Core Python	2 Weeks	3500	2900
	Core Python	1 Month	6500	5200
	* Core Java	1 Month	7000	5400
	Oracle (SQL)	2 Weeks	3000	2400
	Oracle (PL/SQL)	3 Weeks	4000	3200
	Server Administration	2 Weeks	4500	3500
	CISCO Certified Network Associate	2 Month	12000	9700
	Core Java	2 Weeks	4000	3200
	* VLSI	1 Month	8000	6400
Degree / Diploma in Electrical, Electronics, Instrumentation or Equivalent	Advance PLC	1 Month	8000	6400
	PLC	2 Weeks	5000	4000
	* PLC	1 Month	8000	6400
	Robotics	1 Month	10000	6900
	LABVIEW	2 Weeks	5000	4000
	* MATLAB	1 Month	8000	6400
	Embedded System	2 Weeks	5000	4000
	* Embedded System	1 Month	10000	8600
	* SCADA	1 Month	8000	6400
	SCADA	2 Weeks	5000	4000
	Hydraulics & Pneumatics	2 Weeks	4000	3200
	* AutoCAD (Electrical)	1 Month	6500	5200
	* Microcontroller Programming	1 Month	10000	8600
	PCB Design	2 Weeks	5000	4000
	Internet of Things (IOT)	2 Weeks	5000	4000
	PCB Design	1 Month	8000	6400
	Internet of Things (IOT)	1 Month	8000	6400
	MATLAB	2 Weeks	6000	4800
	AutoCAD (Electrical)	2 Weeks	5000	4000
	Robotics	2 Weeks	5000	4000
	AutoCAD (Electrical) - 3D	1 Month	6500	5200
	AutoCAD (Electrical) - 3D	2 Weeks	5000	4000

Contact : 9330193304, 9658778092, 9038578065, E-mail: cttc-msme@gov.in

Civil & Mechanical Courses

Branch	Courses	Duration	Course Fee (Rs.)	Oered Fee (Rs.)
Degree / Diploma in Civil or Equivalent	* AutoCAD 2019 (Civil)	1 Month	6500	5200
	* STAAD Pro V8I	1 Month	8000	6400
	* 3DS MAX 2018	1 Month	7000	5400
	* REVIT Architechture 2020	1 Month	7000	5400
	Advanced Survey Instruments	1 Month	7500	5800
Degree / Diploma in Mechanical or Equivalent	* AutoCAD 2019	1 Month	6500	5200
	* SOLID WORKS 2018	1 Month	7500	5800
	* CREO 6.0	1 Month	8000	6400
	* CATIA V6	1 Month	8500	6900
	* ANSYS 2019 R1	1 Month	9000	7500
	* Power Shape & Power Mill	1 Month	7500	5800
	* MasterCam	1 Month	7000	5400
	Moldex 3D	1 Month	8000	6400
	* Unigraphics / NX 12	1 Month	10000	8600
	* 3D Scanning & 3D Printing	1 Month	8000	6400
	* CNC Programming Lathe	1 Month	8000	6400
	* CNC Programming Milling	1 Month	8000	6400
	* CNC Machining Lathe	1 Month	8000	6400
	* CNC Machining Milling	1 Month	8000	6400
	CNC Wire EDM	1 Month	5000	4000

Contact : 9330193304, 9903201942, 9830487179, E-mail: cttc-msme@gov.in

How to Apply: Registration can be done through filling up Online Registration Form or through offline mode (by visiting this centre) by paying **the applicable fee in full (as menitoned above) + 18% GST** through online payment or by Demand Draft drawn in favour of **"Central Tool Room & Training Centre"** payable at Kolkata. Reservation as per Govt. of India guidelines. **For SC/ST** Candidate subject to uploading of scan copy of Cast Certificate in the online form or production of copy of Cast Certificate duly self attested, Original Certificates has to be produced at time of registration for verification. Adhaar Card must be produced at the time of registration.

Note:
1. All classes will be conducted maintaining all COVID-19 related Guidelines as issued by MHA.
2. Payment can be done through swiping from ATM Card (For offline Registration) (No Cash Payment).
3. GST applicable @18% on offered fees.
4. Discount of 10% will be provided for the group of 10 students from the same college.

* MARKED COURSES ARE FREE FOR SC / ST CANDIDATES (Except Registration Fee)

কারেন্ট অ্যাফেয়ার্স

২ ডিসেম্বর-৬ ডিসেম্বর

২ ডিসেম্বর ইউপিএ নিয়ে তৃণমূল নেত্রীর মন্তব্যের কড়া সমালোচনা করল কংগ্রেস। এআইসিসি-র মুখপাত্র রণদীপ সিং সুরজেওয়ালা অভিযোগ করেন মমতা বন্দ্যোপাধ্যায় সুবিধাবাদী রাজনীতি করছেন। তিনি বলেন, '১৯৯৯-২০০১ সাল পর্যন্ত মমতা এনডিএ-তে ছিলেন। ২০০১ সালে কংগ্রেসের সঙ্গে এলেন। ২০০৩ সালে কংগ্রেসের জোট ভেঙে ফের এনডিএ-তে ফিরে গেলেন। বাজপেয়ী মন্ত্রিসভার মন্ত্রী হলেন। ফের ২০০৬-০৭ সাল নাগাদ এনডিএ থেকে ইউপিএ-তে এলেন, ২০১২ সালে ইউপিএ ছেড়ে দিয়েছেন। এটা কি রাজনৈতিক সুবিধাবাদ নয়?' তৃণমূলের বর্ষীয়ান সাংসদ সৌগত রায় বলেছেন, 'সুরজেওয়ালার কথার কোনও গুরুত্ব নেই। মমতা বন্দ্যোপাধ্যায় সিঙ্গুর-নন্দীগ্রাম-সহ বিভিন্ন আন্দোলন থেকে তাঁর বিশ্বাসযোগ্যতা তৈরি করেছেন, তখন কোথায় ছিল কংগ্রেস?'

৩ ডিসেম্বর পাকিস্তানের শিয়ালকোটে খুন করে জ্বালিয়ে দেওয়া হল শ্রীলঙ্কার নাগরিক প্রিয়াঙ্থ কুমারকে। শিয়ালকোটের এক বেসরকারি কারখানায় এক্সপোর্ট ম্যানেজারের কাজ করতেন তিনি। প্রিয়াঙ্থ ইসলামের অবমাননা করেছেন এই অভিযোগ তুলে কারখানার কর্মীরাই তাঁকে বেধড়ক মারধর করে হত্যা করে। তারপর আগুন লাগিয়ে দেওয়া হয় প্রিয়াঙ্থের দেহে। ঘটনার তীব্র নিন্দা করে পাক প্রধানমন্ত্রী ইমরান খান টুইট করেন— 'আজ পাকিস্তানের জন্য অত্যন্ত লজ্জার দিন। আমি নিজে ঘটনার তদারকি করছি। যারা এই ঘটনা ঘটিয়েছে, তাদের যে কঠোর শাস্তি দেওয়া হবে এ ব্যাপারে কোনও সন্দেহ নেই। ধরপাকড় পুরোদমে চলছে।' ভয়াবহ এই ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন অ্যামনেস্টি ইন্টারন্যাশনালও।

কোভিডের কারণে বিশ্বের ৩০টি গরিব দেশ চরম ঋণ সঙ্কটে পড়েছে বলে জানাল আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার (আইএমএফ)। তাদের মতে আফগানিস্তান, ইথিওপিয়া, গ্রেনাডার মতো দেশগুলি অসহনীয় ঋণের চাপে ধুঁকছে এবং এই গরিব দেশগুলিকে বিশ্বের যে সমস্ত ধনী দেশ ঋণ দিয়েছে তারা যদি ওই ঋণ ও সুদের অর্থ ফেরত নেওয়া আপাতত মুলতুবি না রাখে বা ঋণ ফেরতের শর্ত সহজ না করে তবে, গরিব দেশগুলির দুর্দশা আরও বাড়বে যা অর্থনৈতিক দুর্যোগ ডেকে আনবে। এক ব্লগ পোস্টে আইএমএফ-এর ম্যানেজিং ডিরেক্টর ক্রিস্টালিনা জর্জিভা বলেন, 'বিশ্বের গরিব দেশগুলির ৬০ শতাংশই ঋণের ভারে ন্যুব্জ।'

৪ ডিসেম্বর অরুণাচল প্রদেশ ও নাগাল্যান্ডের সীমানায় মন জেলার টিরুতে আসাম রাইফেলসের জওয়ানদের গুলিতে অন্তত ৯ জন গ্রামবাসী নিহত হলেন। গ্রামবাসীরাও পাল্টা আক্রমণ চালিয়ে আসাম রাইফেলসের জওয়ানদের গাড়ি জ্বালিয়ে দেয়। সংঘর্ষে এক জওয়ানও নিহত হন। পুলিশ সূত্রে খবর, গ্রামবাসীরা কয়লা খনি এলাকা থেকে কাজ সেরে ফেরার পথে জঙ্গি সন্দেহে তাঁদের উপরে গুলি চালানো হয়। নাগাল্যান্ডে যেখানে নাগা জঙ্গিদের সঙ্গে সংঘর্ষবিরতি চলছে সেখানে হঠাৎ সন্দেহের বশে কেন গুলি করা হল তা নিয়ে প্রশ্ন উঠেছে।

করোনায় আক্রান্ত হয়ে দীর্ঘদিন অসুস্থ থাকার পর প্রয়াত হলেন প্রবীণ সাংবাদিক বিনোদ দুয়া (৬৭)। তাঁর কন্যা কৌতুকশিল্পী মল্লিকা দুয়া সোশ্যাল মিডিয়ায় এ খবর জানিয়েছেন। হিন্দি-টিভি সাংবাদিকতার দুনিয়ায় প্রথম থেকেই পরিচিত মুখ ছিলেন বিনোদ। ডিজিটাল মাধ্যমেও নির্ভীক রাজনৈতিক বিশ্লেষণের জন্য সমান জনপ্রিয় ছিলেন তিনি।

৬ ডিসেম্বর মায়ানমারের গণতান্ত্রিক নেত্রী আং সান সু কি-র চার বছরের কারাদণ্ড হল। সেনার বিরুদ্ধে আপত্তিকর মন্তব্য এবং কোভিড বিধি ভাঙা— এই জোড়া মামলায় তাঁর সাজা ঘোষণা করল মায়ানমারের জুন্টা আদালত। তবে সু কি-র জেলযাত্রা নতুন নয়। সেনাশাসনাধীনে দীর্ঘ সময় তাঁকে কারারুদ্ধ করে রাখা হয়েছে। পরবর্তী সময়ে তিনি মুক্তি পেয়ে গণতান্ত্রিক ভাবে নির্বাচিত হয়ে সরকার গঠন করেন যদিও সেনাবাহিনী ফের তাঁকে সরিয়ে ক্ষমতা দখল করে।

কেন্দ্র সরকার করোনা কালে সংগঠিত ক্ষেত্রে চাকরি হারানোদের পরিসংখ্যান পেশ করল। এদিন লোকসভায় পেশ করা পরিসংখ্যানে কেন্দ্রীয় শ্রম প্রতিমন্ত্রী রামেশ্বর তেলি জানিয়েছেন ২০২০ সালের ২৫ মার্চ থেকে ৩০ জুন পর্যন্ত লকডাউনে চাকরি হারিয়েছেন ২৩ লক্ষেরও বেশি মানুষ। এঁদের মধ্যে কতজনকে পুনর্বাসন দেওয়া সম্ভব হয়েছে সেই প্রশ্ন তুলেছেন বিরোধীরা। দেশের অসংগঠিত ক্ষেত্রে রোজগার হারানো মানুষদের ভবিষ্যৎ নিয়েও সরব হয়েছেন বিরোধীরা। কারণ দেশের অসংগঠিত ক্ষেত্রের ঠিকা শ্রমিক বা চুক্তিবদ্ধ শ্রমিকদের অধিকাংশেরই কোনও পার্মানেন্ট অ্যাকাউন্ট নম্বর (প্যান) নেই। এঁরা কেন্দ্রের ইপিএফ-এর তালিকাভুক্তও নন। এঁদের ব্যাপারে কেন্দ্র নির্লিপ্ত কেন সেই প্রশ্ন তুলে সরব হয়েছেন বিরোধীরা।

নাগাল্যান্ডে সেনার গুলিতে ১৪ জন নিরীহ গ্রামবাসীর মৃত্যুতে সংসদের দুই কক্ষে স্বতঃপ্রণোদিত বক্তব্যে দুঃখপ্রকাশ করলেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। কিন্তু পাশাপাশি নিয়ে এলেন ভুল বোঝাবুঝিতে, পরে আত্মরক্ষার্থে সেনাবাহিনীর গুলি চালানোর যুক্তি। যা থেকে শুরু হল বিতর্কও। নাগাল্যান্ড সরকারের দায়ের করা এফআইআরে অভিযোগ করা হয়েছে, জঙ্গি দমন অভিযানের কোনও খবর পুলিশকে দেয়নি বাহিনী। অভিযানের জন্য পুলিশি সুরক্ষাও চাওয়া হয়নি। নাগাল্যান্ডের মুখ্যমন্ত্রী নেফিউ রিও উত্তর-পূর্বের এই রাজ্য থেকে আফস্পা (আর্মড ফোর্সেস স্পেশ্যাল পাওয়ার অ্যাক্ট, ১৯৫৪) প্রত্যাহারের দাবি করেছেন। তিনি বলেছেন, নাগাল্যান্ড এবং নাগা জনতা চিরকাল আফস্পার বিরোধিতা করেছে। মেঘালয়ের মুখ্যমন্ত্রী কনরাড সাংমাও সরাসরি আফস্পা বাতিল করার পক্ষে সওয়াল করেছেন।

ভারত সফরে এলেন পুতিন



৬ ডিসেম্বর: ভারত সফর করলেন রুশ রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন। ভারতে এসে সন্ত্রাস, মাদক চোরাচালান এবং সংগঠিত অপরাধের বিরুদ্ধে ভারতকে সঙ্গে নিয়ে একযোগে লড়াই করার বার্তা দিলেন রুশ প্রেসিডেন্ট। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে পুতিনের বৈঠক যথেষ্ট ফলপ্রসূ হয়েছে বলে উল্লেখ করেছেন বিদেশসচিব হর্ষবর্ধন শ্রিংলা। দু'দেশের মধ্যে ২৮টি চুক্তি স্বাক্ষরিত হয়েছে বলেও জানানো হয়েছে। দুই রাষ্ট্রপ্রধানের আলোচনায় উঠেছে আফগানিস্তানের প্রসঙ্গও। পুতিন বলেন, 'সন্ত্রাস, মাদক, সংগঠিত অপরাধের বিরুদ্ধে লড়াইয়ে আমাদের অবস্থান অনেকটা একরকম। আফগানিস্তানের সাম্প্রতিক পরিস্থিতি নিয়েও আমাদের উদ্বেগ স্বাভাবিক।' মোদীও তাঁর বার্তায় বলেন, 'কোভিডের চ্যালেঞ্জ সত্ত্বেও ইন্দো-রুশ সম্পর্কের গতিতে বদল আসেনি। গত কয়েক দশকে বিশ্ব বেশ কিছু বদল এবং রাজনৈতিক সমীকরণ দেখেছে, কিন্তু ভারত-রাশিয়ার বন্ধুত্ব অপরিবর্তিতই থেকে গিয়েছে।'

"দেশের অর্থনীতি ২০১৯-এর থেকেও খারাপ জায়গায় রয়েছে বর্তমানে। অসম্ভব দুঃখ-দৈন্য-দুর্দশার মধ্যে সময় কাটাতে বাধ্য হচ্ছেন দেশবাসী। দৈনন্দিন বেঁচে থাকার যুদ্ধে লড়ার চাপে ক্রমশ তলিয়ে যাচ্ছে ছোটখাটো চাওয়া-পাওয়া গুলো।"

অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায়, *নোবেলজয়ী অর্থনীতিবিদ*

দেশের বর্তমান আর্থ-সামাজিক পরিস্থিতি বর্ণনা করে

মার্কিন সম্মানে সম্মানিত ভারতীয়-মার্কিন গণিতজ্ঞ



৪ ডিসেম্বর: আমেরিকান ম্যাথেমেটিকাল সোসাইটি (এএমএস)-র বিশেষ সম্মান পেলেন ভারতীয় বংশোদ্ভূত গণিতজ্ঞ, ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক নিখিল শ্রীবাস্তব। ১৯৫৯ সাল থেকে অমীমাংসিত জটিল এক অঙ্কের সমাধান করলেন নিখিল। সেই সাফল্যকে সম্মান জানিয়েই এ বছর 'চিপরিয়ান ফোয়াস প্রাইজ ইন অপারেটর থিয়োরি'-র জন্য শ্রীবাস্তবকে বেছে নিল সোসাইটি। শ্রীবাস্তবের সঙ্গে আরও দুই গণিতবিদ এই পুরস্কার পেয়েছেন। তাঁরা হলেন অ্যাডাম মার্কাস এবং ড্যানিয়েল স্পিলম্যান। এএমএসের পক্ষ থেকে জানানো হয়েছে, তিন বিশেষজ্ঞের মৌলিক কাজ ও স্বকীয়তাকে স্বীকৃতি দেওয়া হয়েছে।

আইএমএফ-এর দ্বিতীয় শীর্ষ পদে গীতা

৩ ডিসেম্বর: আন্তর্জাতিক অর্থভাণ্ডারের (আইএমএফ) দ্বিতীয় শীর্ষপদ, ফার্স্ট ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর পদে উন্নীত হলেন সংস্থার ভারতীয় বংশোদ্ভূত মুখ্য অর্থনীতিবিদ গীতা গোপীনাথ। আইএমএফ-এর ইতিহাসে তিনিই প্রথম মহিলা মুখ্য অর্থনীতিবিদ। ওই পদে এর আগে কৌশিক বসু, রঘুরাম রাজনের মতো অনেক ভারতীয় কাজ করেছেন। কিন্তু সংস্থার ফার্স্ট ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর পদে কোনও ভারতীয় এই প্রথম। গীতা ২০২২-এর জানুয়ারিতেই নতুন দায়িত্ব নেবেন।

প্রেসিডেন্টস স্ট্যান্ডার্ড সম্মান পেল কিলার্স

৫ ডিসেম্বর: ভারতীয় নৌসেনার গর্বের প্রতীক ২২তম মিসাইল ভেসেল স্কোয়াড্রনকে 'প্রেসিডেন্টস স্ট্যান্ডার্ড' সম্মানে ভূষিত করা হল। '৭১-এর মুক্তিযুদ্ধের সময়ে করাচি বন্দরে বোমা মেরে পাকিস্তানি নৌসেনার যুদ্ধজাহাজ ডুবিয়েছিল এই সেনা বিভাগ। বিরল এই সম্মান রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ ভারতীয় নৌসেনার হাতে তুলে দিয়েছেন বলে এদিন খবরে প্রকাশ। এই বছরই নৌসেনায় অন্তর্ভুক্তির ৫০ বছর পূরণ করেছে মিসাইল ভেসেল স্কোয়াড্রন, যার অপর নাম 'কিলার্স'। গত পাঁচ দশক ধরে সমুদ্রপথে প্রহরীর কাজ করে আসছে এই স্কোয়াড্রন।

সেনার ভুলে প্রাণ গেল ১৫ জনের

৫ ডিসেম্বর: নাগাল্যান্ডের মন জেলায় সেনার গুলিতে মৃত্যুর সংখ্যা এদিন রাত পর্যন্ত পৌঁছল ১৫-তে। ৪ ডিসেম্বর সন্ধ্যায় জঙ্গি সন্দেহে নিরীহ গ্রামবাসীদের একটি পিকআপ ভ্যানকে ঘিরে ধরে গুলি চালান সেনাবাহিনীর জওয়ানরা। তাতে প্রথমে আটজন শ্রমিক মারা যান। পরে ক্ষিপ্ত গ্রামবাসীরা বাহিনীকে লক্ষ্য করে তেড়ে এলে বাহিনী গুলি চালালে আরও পাঁচ গ্রামবাসীর মৃত্যু হয়। এদিন সকালে গ্রামবাসীরা অসম রাইফেলসের একটি ক্যাম্পে হামলা চালান। সেখানেও জওয়ানদের গুলিতে আরও একজন মারা যান। সেনার তরফে বিবৃতি জারি করে বলা হয়, 'বিচ্ছিন্নতাবাদীদের গতিবিধি সম্পর্কে সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্য পেয়ে মন জেলার টিরু এলাকায় একটি অপারেশনের পরিকল্পনা করা হয়। যে ঘটনা ঘটেছে, তার ফলে আমরা গভীর ভাবে অনুতপ্ত।

১০ উইকেট নিয়ে লেকার, কুম্বলের পাশে আজাজ

৪ ডিসেম্বর: টেস্ট ক্রিকেটে তৃতীয় ক্রিকেটার হিসেবে এক ইনিংসে ১০ উইকেট পাওয়ার অসাধারণ নজির গড়লেন নিউজিল্যান্ডের বাঁ-হাতি স্পিনার আজাজ প্যাটেল। মুম্বইয়ে ভারতের বিরুদ্ধে ১১৯ রানে ১০ উইকেট তাঁকে বসিয়ে দিল দুই কিংবদন্তি জিম লেকার ও অনিল কুম্বলের সঙ্গে একাসনে। তবে আজাজই হলেন প্রথম ক্রিকেটার যিনি বিদেশের মাঠে ১০ উইকেট নেওয়ার কৃতিত্ব অর্জন করলেন। ইংল্যান্ডের অফস্পিনার জিম লেকার অস্ট্রেলিয়ার বিরুদ্ধে নিয়েছিলেন ম্যাঞ্চেস্টারে। ১৯৯৯ সালে অনিল কুম্বলে পাকিস্তানের বিরুদ্ধে নিয়েছিলেন দিল্লিতে।

সেমেরু আগ্নেয়গিরি জাগল, মৃত অন্তত ১৪

৫ ডিসেম্বর: ইন্দোনেশিয়ায় সেমেরু আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাতে কমপক্ষে ১৪ জনের মৃত্যু হল। উল্লেখ্য, ৪ ডিসেম্বর দুপুর থেকেই জেগে ওঠে জাভা দ্বীপের উচ্চতম আগ্নেয়গিরি সেমেরু। জ্বলন্ত ছাই ও আগুনের মেঘ নির্গত হতে থাকে জ্বালামুখ থেকে। নিহতদের পাশাপাশি আহত হয়েছেন ৯৮ জন। ইন্দোনেশিয়ার বিপর্যয় মোকাবিলা দপ্তর প্রায় এক হাজার গ্রামবাসীকে অগ্ন্যুৎপাতে ক্ষতিগ্রস্ত এলাকা থেকে সরিয়ে নিয়েছে। প্রসঙ্গত, 'রিং অব ফায়ার'-এর অন্তর্ভুক্ত ইন্দোনেশিয়ায় শতাধিক আগ্নেয়গিরি এখনও সক্রিয়। ভূমিকম্পপ্রবণ এই এলাকায় অগ্ন্যুৎপাত খুব বিরল ঘটনা নয়। গত জানুয়ারিতেও সেমেরু আগ্নেয়গিরি থেকে অগ্ন্যুৎপাত হয়েছিল। কিন্তু সে বার কোনও হতাহতের ঘটনা ঘটেনি।

প্রচণ্ড ঝাল লঙ্কা ডালে খুরসানি দেখাতে পারে স্বনিযুক্তির পথ

প্রথম পাতার পর

পশ্চিমবঙ্গের পার্বত্য অঞ্চলে। দক্ষিণবঙ্গে সেভাবে নেই। ডালে খুরসানি থেকে তৈরি প্রক্রিয়াজাত খাবার পাইকারি দরে কিনে সমতলে নিয়ে এসে বিক্রি করা যায়। অথবা পাইকারি দরে এই লঙ্কাটি কিনে এনে নিজের ইউনিটে সস, আচার, ফ্লেক্স ও পেস্ট বানিয়ে বাজারজাত করা যায়। সমতলের বেশির ভাগ মানুষ এই ঝাল লঙ্কার স্বাদ জানেন না, জানলেও হাত বাড়ালেই পাওয়ার উপায় থাকে না। ফলে এর গুণাগুণ ও স্বাদ ঠিকমতো তুলে ধরতে পারলে ভালো ব্যবসার একটা সম্ভাবনা থাকছেই।

আরও একটি আশার কথা শোনালেন কৃষিবিদ এবং বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের গবেষণা বিভাগের প্রাক্তন জয়েন্ট ডিরেক্টর ডঃ সমীরকুমার সামন্ত। সিকিম, নেপাল, দার্জিলিং ও কালিম্পংয়ের পার্বত্য পরিবেশ ও ঠান্ডা আবহাওয়া নিঃসন্দেহে এই প্রজাতির লঙ্কার ফলনের জন্য আদর্শ। কিন্তু ডঃ সামন্তের মতে, 'দক্ষিণবঙ্গের সমতল অঞ্চলেও ডালে খুরসানির ফলন পাওয়া যেতে পারে, তবে চাষ করতে হবে গ্রিন হাউসে। নদিয়া জেলায় বিশ্ববিদ্যালয়ের বাগানে আমি ডালে খুরসানি ফলিয়েছিলাম। ঝালের মাত্রা ও আকার ঠিকই ছিল।'

ঝালের রকমফের

ঝালের তীব্রতার বিচারে ডালে খুরসানি রয়েছে পৃথিবীর সবসেরা ঝাল লঙ্কাগুলির প্রথম সারিতে। লঙ্কায় ঝালের মাত্রা মাপা হয় স্কোভাইল হিট ইউনিট দিয়ে। ডালে খুরসানির ঝাল ১,০০,০০০-৩,৫০,০০০ স্কোভাইল হিট ইউনিট।

একসময় ভারতের লঙ্কা 'ভূত জলোকিয়া' সবচেয়ে বেশি ঝাল লঙ্কা হিসেবে সারা পৃথিবীর সমীহ আদায় করে নিয়েছিল। অসম, মেঘালয়, মণিপুর, নাগাল্যান্ডে চাষ হয় এই প্রজাতির লঙ্কাটির। ২০০৭ সালে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস বিশ্বের সর্বাধিক ঝাল লঙ্কার স্বীকৃতি দেয় এই প্রজাতিটিকে। কিন্তু একসময় ভূত জলোকিয়ার জেনেটিক সূত্র হস্তগত করে পাশ্চাত্য দেশগুলি এর সঙ্গে ওয়েস্ট ইন্ডিজের ত্রিনিদাদ মরুগা স্করপিওনের মিশেলে তৈরি করে 'রিপার' প্রজাতির লঙ্কা। ভূত জলোকিয়ার স্বীকৃতিটিও হাতছাড়া হয়।

পূর্ব-অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে ইতিমধ্যেই সিকিম অবশ্য ডালে খুরসানির জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন (জি আই) ট্যাগ আদায় করেছে। তাই ডালে খুরসানির বেহাত হওয়ার আশঙ্কা নেই।

ঔষধি গুণাগুণ

মশলাদার ঝাল রান্নার উপকরণ হিসেবে জবাব নেই ডালে খুরসানির। পাকলে টুকটুকে লাল রং হয়। আকৃতি অনেকটা চেরির মতো। গন্ধও স্বতন্ত্র। এ লঙ্কার অন্যান্য গুণাবলিও চমৎকৃত করবে। ১০০ গ্রাম সতেজ ডালে

খুরসানি থেকে ২৫০ মিলিগ্রাম ভিটামিন 'সি' পাওয়া যায়। একটা কমলালেবু থেকে যতটা ভিটামিন 'সি' পাওয়া যায় তার পাঁচগুণ। আছে প্রচুর পরিমাণে ভিটামিন 'এ' ও পটাশিয়াম। ডাঃ সামন্ত জানাচ্ছেন, 'পাহাড়ি অঞ্চলে জলপান করলে ডিসেন্ট্রি বা আমাশয় রোগে আক্রান্ত হওয়ার আশঙ্কা থেকে যায়। তাহলে পাহাড়ের অধিবাসীরা সুস্থ থাকেন কী করে? এর উত্তর আছে ডালে খুরসানিতে। ওঁরা বিভিন্ন খাবারের সঙ্গে ডালে খুরসানি খেয়ে থাকেন, যা আমাশয় প্রতিরোধক। সর্দি-কাশিতেও কার্যকর। এই লঙ্কা থেকে ব্যথানাশক ওষুধ তৈরি হতে পারে, জৈব রং তৈরি হতে পারে।'

ব্যবসার কথা

ডালে খুরসানি নিয়ে ব্যবসার চিন্তাভাবনা থাকলে সর্বাগ্রে একবার সিকিম বা কালিম্পং যাওয়ার দরকার হবে। কাজের জন্য ভ্রমণ। কাজেই খরচটা বিনিয়োগ হিসেবেই ধরতে হবে।

সিকিম বা কালিম্পংয়ের প্রধান দু'-একটা বাজারে ঘুরুন। কালিম্পংয়ের রেশি রোডের বাজার বা কালিম্পংয়ের টাউন স্কোয়্যার থেকে ১ কিলোমিটার দূরের দশমাইল বাজারে যেতে পারেন। ডালে খুরসানি থেকে তৈরি পেস্ট, সস, ফ্লেক্স ইত্যাদি বিক্রি হচ্ছে। পাইকারি দরে কিনে নিতে পারেন। কালিম্পং থেকে ১৫ কিলোমিটার দূরে আলগাড়া। এদিকের গ্রামগুলোতে বাড়ি-বাড়ি ডালে খুরসানির সস, আচার তৈরি হয়, নিজেদের খাওয়ার জন্য। এখানকার কোনও হোমস্টেতে থেকে বেশি পরিমাণে এই সব সামগ্রী তৈরি করিয়ে নিতে পারেন।

এছাড়াও পাকা ডালে খুরসানি কিনে নিয়ে আসতে পারেন। সসটা তাহলে নিজেকেই তৈরি করে নিতে হবে। কঠিন কিছুই নয়। রসুন, লবণ, ভিনিগারের মতো সাধারণ উপকরণ ব্যবহার করেই এই সস তৈরি করে নেওয়া যায়। গরম সরষের তেলে ভালো করে নেড়েচেড়ে নিলে অনেক দিন রেখে খাওয়া যাবে। সস তৈরির কায়দাটা শিখেও নিতে পারেন পাহাড়ি পরিবারের হেঁসেল থেকে।

সবশেষে সমতলে ফিরে এসে বিপণনের কথা ভাবতে হবে। ধরা যাক, ডালে খুরসানির সস তৈরি করলেন। এবার ২০০-২৫০ গ্রামের স্বচ্ছ, পরিচ্ছন্ন কন্টেনারে সস ভরে ভালো করে সেলোটেপ আটকে দিন, যাতে সহজে ঢাকনা খোলা না যায়। বোতলের গায়ে নিজের সংস্থার নাম ছাপানো লেভেল লাগাতে চাইলে ট্রেড লাইসেন্সের দরকার হবে। ডালে খুরসানি লঙ্কার বৈশিষ্ট্যগুলো জানানোর জন্য লেভেল ব্যবহার করতে পারেন। কিছু হ্যান্ডবিলও ছাপিয়ে নিতে পারেন। হাতের কাছে নানা গুণাগুণ-সমৃদ্ধ পাহাড়ি লঙ্কা ক্রেতাকে আকৃষ্ট করবেই।

প্রাথমিক পর্যায়ে পাড়ার দোকান এবং কাছাকাছির বাজারে জোগান দিন। পরিচিত মানুষজনকেও জানাবেন। ব্যবহার করতে পারেন সোশ্যাল মিডিয়াকে। বিক্রি বাড়াতে চাইলে ধৈর্য ধরতে হবে। মনে রাখবেন, কলকাতা বা সংলগ্ন অঞ্চলগুলিতে হাত বাড়ালেই ডালে খুরসানি পাওয়া যায় না। স্বাদও অচেনা। অতএব ক্রেতাকে আগে জিনিসটির সঙ্গে পরিচিত করাতে হবে পনেরো হাজার টাকার মতো পুঁজি নিয়ে ব্যবসা শুরু করা যায়। তবে খুরসানি থেকে জৈব রং বা ব্যথানাশক ওষুধ তৈরির জন্য ছোট আকারের হলেও একটা ল্যাবরেটরি আর একটা প্রোডাকশন ইউনিট গড়ার দরকার হবে। তার জন্য বড় বিনিয়োগেরও দরকার হবে।

গোরখপুর এইমসে অধ্যাপক

১০৫ জন প্রফেসর, অ্যাডিশনাল প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর এবং অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেসের গোরখপুর ক্যাম্পাস। এটি কেন্দ্রের স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: AIIMS/GKP/RECTT/2021/265.

শূন্যপদের বিন্যাস: প্রফেসর ২৮টি, অ্যাডিশনাল প্রফেসর ২২টি, অ্যাসো-সিয়েট প্রফেসর ২৩টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ৩২টি।

দরখাস্ত করতে হবে অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsgorakhpur.edu.in দরখাস্তের শেষ তারিখ ২৩ জানুয়ারি।

আবেদনের যোগ্যতা ও দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

SBI
ভারতীয় স্টেট ব্যাঙ্ক
কেন্দ্রীয় নিয়োগ ও পদোন্নতি দপ্তর
কর্পোরেট সেন্টার, মুম্বাই
ফোন: 022-22820427; ফ্যাক্স: 022-22820411

চুক্তিভিত্তিক বিশেষজ্ঞ ক্যাডার অফিসার নিয়োগ

চুক্তির ভিত্তিতে নিম্নলিখিত পদের জন্য ভারতীয় নাগরিকদের কাছ থেকে আবেদন আহ্বান করা হচ্ছে:

ক্রমিক নম্বর	পদ	গ্রেড	শূন্যপদ	বিজ্ঞাপন নম্বর
1.	চিফ ইনফরমেশন সিকুরিটি অফিসার	চুক্তিভিত্তিক	1	CRPD/SCO-CISO/ 2021-22/23

যোগ্যতার মানদণ্ড (বয়স, যোগ্যতা, অভিজ্ঞতা ইত্যাদি), প্রয়োজনীয় ফি এবং অন্যান্য বিবরণ সহ অনলাইনে আবেদন জমা দেওয়া এবং আবেদন ফি অনলাইনে প্রদানের লিঙ্ক ব্যাঙ্কের ওয়েবসাইট https://bank.sbi/web/careers অথবা https://www.sbi.co.in/web/careers-এ উল্লিখিত বিস্তারিত বিজ্ঞাপন নম্বরের অধীনে উপলব্ধ রয়েছে। প্রার্থীদের পরামর্শ দেওয়া হচ্ছে যেন তারা আবেদন করার এবং ফি পাঠানোর আগে বিশদে বিজ্ঞাপন পড়ে যোগ্যতা এবং অন্যান্য বিবরণ নিশ্চিত করে নেন।

• অনলাইন আবেদন এবং ফি প্রদানের তারিখ: 19.12.2021 থেকে 08.01.2022 পর্যন্ত।

যেকোনো প্রশ্নের জন্য, অনুগ্রহ করে আমাদের ব্যাঙ্কের ওয়েবসাইটে উপলব্ধ এই লিঙ্ক "CONTACT US" —> "Post Your Query"-এ লিখে জানান।

স্থান: মুম্বাই
তারিখ: 19.12.2021

মহাপ্রবন্ধক
(আরপি এবং পিএম)

Gupta College of Technological Sciences
ESTD: 2000
(A fully dedicated College of Pharmacy)
Approved by AICTE, PCI & UGC 2(F), Affiliated to MAKAUT
23rd Year A Hallmark of Academic Excellence

Course Offered
• B.PHARM
B.PHARM LATERAL
• M.PHARM
PHARMACEUTICS
PHARMACOLOGY

B. Pharm Graduates can appear for any Govt. Jobs except SSC

nirf
National Institute Ranking Framework
India Ranking 2017. Pharmacy (Rank-band:76-100)
India Ranking 2018. Pharmacy (Rank-band:51-75)
Gupta College of Technological Sciences,
Ranked amongst top 75 pharmacy institution in india

Ashram More , G.T. Road , Asansol (W.B)
Cont: 0341-2313120 , 2314604 M- 9800625765 , 9800636765
email : gctsasansol@gmail.com , website: www.gctsindia.in

BIRLA INSTITUTE OF TECHNOLOGY
(A Deemed to be University u/s 3 of UGC Act 1956)
MESRA, RANCHI-835215 (INDIA)

Special Round of Admission for
B.Tech., B.Arch. and Integrated M.Sc. Programs at Main Campus, Mesra & Other Campuses

[INSTITUTE LEVEL COUNSELLING]

Applications are invited from eligible applicants for admission to B.Tech., B.Arch. and Integrated M.Sc. Programs at Mesra Campus, against few vacant seats in Home State / All India Pool for the Academic Session 2021-22.
Admission will be made strictly on merit, based on CRL rank in JEE-Main 2021. Applicants having valid Rank in NEET/ICAR AIEEA (UG) 2021, may also apply for B.Tech. (Biotechnology) and Integrated M.Sc. (Chemistry) programs.

Last date to Apply Online: 04.01.2022

For details of eligibility and application procedures, please consult Admission Office of Mesra Campus, and also refer website
www.bitmesra.ac.in

Contact details: Tollfree No.: 18003457057, 18003457058, Phone: 0651-2275868, Mobile No. 9508050840, Email: admissions@bitmesra.ac.in

Admission to B.Tech. Program at Deoghar, Jaipur and Patna Campuses, and B.Arch. Program at Patna Campus are also open.
Registrar

Recruitment of
Assistant Law Officers through CLAT-2021

NTPC Limited is India's largest integrated energy company with installed capacity of 67907 MW and has presence in the entire value chain of the power generation business. Commensurate with our country's growth challenges, NTPC has embarked upon an ambitious plan to attain a total installed capacity of 130 GW by 2032.

NTPC is looking for
10 ASSISTANT LAW OFFICERS
at E0 level (Pay scale Rs. 30,000-1,20,000/-) for its Projects/Stations

Eligible candidates must have appeared for **CLAT-2021 (Common Law Admission Test-2021) Post Graduate programme** (conducted by the Consortium of National Law Universities). Candidates will be selected based on **CLAT-2021 Post Graduate programme** performance.

All interested and eligible candidates who appeared in **CLAT-2021 Post Graduate programme** should log on to our website **careers.ntpc.co.in** or visit careers section at **www.ntpc.co.in** for viewing the detailed advertisement, qualifying requirement, reservations/relaxations, general terms and conditions etc. and for applying. **Only online mode of application will be accepted.**

Candidates need to apply online with their CLAT 2021 admit card no. as mentioned in the CLAT 2021 Admit Card/Score Card

COMMENCEMENT OF ONLINE APPLICATION
LAST DATE FOR ONLINE APPLICATION 07.01.2022

NTPC Limited
(A Govt. of India Enterprise)
A Maharatna Company
Leading the Power Sector
No. 12/21

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

শেষ মুহূর্তের মহড়া

রাজ্য পুলিশের মাধ্যমে

আবগারি দপ্তরে পুরুষ ও মহিলা কনস্টেবল

মেন পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. আলোর গতিবেগ কোন মাধ্যমে সবচেয়ে বেশি হবে?
(a) কাচ (b) জল (c) শূন্য (d) হীরক
2. ওয়াটার গ্যাস তৈরি হয় কোন গ্যাসের সংমিশ্রণে?
(a) $CO + H_2$ (b) $CO_2 + H_2$ (c) $CH_4 + H_2$ (d) $CO + N_2O$
3. কাকে বলা হত 'ভারতের সর্বাধিক বৃদ্ধ মানুষ'?
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) দাদাভাই নওরোজি (c) সুরেন্দ্রনাথ ব্যানার্জি (d) বিপিনচন্দ্র পাল
4. 'মাতৃভাষার সংবাদপত্র আইন' কোন বছর জারি করা হয়?
(a) 1876 (b) 1877 (c) 1878 (d) 1879
5. সমুদ্রগুপ্তের সভাকবি কে ছিলেন?
(a) বাণভট্ট (b) অশ্বঘোষ (c) হরিষেণ (d) নাগার্জুন
6. শকাব্দের প্রচলন কে করেছিলেন?
(a) অশোক (b) কণিষ্ক (c) বিন্দুসার (d) আর্যভট্ট
7. রাইটার্সে 'অলিন্দ যুদ্ধ' কত সালে হয়েছিল?
(a) 1927 (b) 1928 (c) 1929 (d) 1930
8. কলকাতা মাদ্রাসা কত সালে প্রতিষ্ঠা লাভ করে?
(a) 1781 সালে (b) 1789 সালে (c) 1792 সালে (d) 1794 সালে
9. চন্দ্রপৃষ্ঠে মানুষ অবতরণ করে কবে?
(a) 1869 সালের 20 জুলাই (b) 1969 সালের 21 জুলাই (c) 1970 সালের 22 জুলাই (d) 1972 সালের 19 অগস্ট
10. আর্য মহিলা সমাজের প্রতিষ্ঠাতা কে?
(a) পণ্ডিত রমাবাঈ (b) অ্যানি বেসান্ত (c) বিনোবা ভাবে (d) সুশীলা নায়ার
11. কর্ণের যে অংশ দেহের ভারসাম্য রক্ষা করে সেটি কোনটি?
(a) ককলিয়া (b) আটোলিথ (c) ম্যালিয়াস (d) সিস্টোলিথ
12. আমির খসরু কোন বাদ্যযন্ত্র ব্যবহার করতেন?
(a) সেতার (b) তবলা (c) বাঁশি (d) সরোদ
13. কোনও রাজ্যে রাষ্ট্রপতি শাসন প্রবর্তিত হয় সংবিধানের কোন অনুচ্ছেদের ভিত্তিতে?
(a) অনুচ্ছেদ 350 (b) অনুচ্ছেদ 352 (c) অনুচ্ছেদ 354 (d) অনুচ্ছেদ 356
14. 'হুমায়ুন নামা' কে লিখেছিলেন?
(a) আকবর (b) হুসেন শাহ (c) গুলবদন বেগম (d) আদিল শাহ
15. 'হলদিঘাটের যুদ্ধ' কত সালে হয়েছিল?
(a) 1574 সালে (b) 1576 সালে (c) 1578 সালে (d) 1580 সালে
16. 'হর্ষচরিত' কে রচনা করেছিলেন?
(a) অশ্বঘোষ (b) কালিদাস (c) বাণভট্ট (d) অশোক
17. ভাস্কো-দা-গামা কত সালে কালিকটে পৌঁছন?
(a) 1495 (b) 1496 (c) 1497 (d) 1498
18. 'ভারতমাতা' পত্রিকার সম্পাদক কে ছিলেন?
(a) অরবিন্দ ঘোষ (b) বিপিনচন্দ্র পাল (c) অজিত সিং (d) শচীন সান্যাল
19. কত সালে কলকাতা, বম্বে ও মাদ্রাজ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়?
(a) 1855 সালে (b) 1856 সালে (c) 1857 সালে (d) 1858 সালে
20. সংবিধান কত তারিখে কার্যকরী হয়?
(a) 1950-এর 25 জানুয়ারি (b) 1949-এর 25 জানুয়ারি (c) 1950-এর 26 জানুয়ারি (d) 1951-এর 25 জানুয়ারি
21. ভারতীয় সংবিধানে ক'টি মৌলিক অধিকার দেওয়া আছে?
(a) পাঁচটি (b) ছয়টি (c) সাতটি (d) আটটি
22. মৌর্যদের শেষ সম্রাট কে ছিলেন?
(a) প্রথম চন্দ্রগুপ্ত (b) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (c) বৃহদ্রথ (d) অশোক
23. সংবিধানের কোন সংশোধনে নবম তফশিল সন্নিবেশিত হয়?
(a) প্রথম সংশোধন (b) দ্বিতীয় সংশোধন (c) তৃতীয় সংশোধন (d) চতুর্থ সংশোধন
24. নাইট্রোজেন যে বিভিন্ন অক্সাইড গঠন করে তার সংখ্যা হল:
(a) এক (b) দুই (c) চার (d) পাঁচ
25. কোন ব্যক্তি 'দীন-ই-ইলাহি' গ্রহণ করেছিলেন?
(a) তানসেন (b) বীরবল (c) মানসিংহ (d) টোডরমল
26. ভারতের সবুজ বিপ্লবের প্রভাব কোন ফসলের ওপর সবচেয়ে প্রভাবশালী?
(a) গম (b) ধান (c) পাট (d) তৈলবীজ
27. মানবদেহে করোটি স্নায়ুর সংখ্যা কত?
(a) 11 জোড়া স্নায়ু (b) 12 জোড়া স্নায়ু (c) 13 জোড়া স্নায়ু (d) 14 জোড়া স্নায়ু
28. বেসবলে মোট কতজন খেলোয়াড় থাকে?
(a) 9 জন (b) 10 জন (c) 11 জন (d) 12 জন
29. তৈমুরলঙ্গ ভারত আক্রমণ করেন কত সালে?
(a) 1397 সালে (b) 1398 সালে (c) 1399 সালে (d) 1400 সালে
30. তামার মুদ্রা প্রথম প্রচলন কে করেছিলেন?
(a) ইলতুৎমিস (b) মহম্মদ ঘোরি (c) মুহম্মদ বিন তুঘলক (d) হর্ষবর্ধন

Direction (31 and 32): *Match the most appropriate word.*
31. One who compiles a dictionary is called a:
(a) Vocabuler (b) Lexicographer (c) Dictographer (d) Matter
32. A lane lined with trees is called:
(a) a street (b) a tramway (c) a colony (d) an avenue

Direction (33 to 37): *Fill in the blanks with correct prepositions.*
33. The poor have to work _____ Morning to evening.
(a) in (b) to (c) from (d) before
34. I go _____ swim every morning.
(a) to (b) for (c) at (d) in
35. Never laugh _____ the disabled.
(a) on (b) from (c) to (d) at
36. Please wait _____ me I am coming with in five minutes.
(a) for (b) by (c) from (d) to
37. He fell ____ love with Sakshi.
(a) by (b) for (c) in (d) with

Direction (38 to 40): *Choose the opposite of the word.*
38. Repeated failure left him despondent.
(a) cheerful (b) divided (c) grim (d) pessimistic
39. His lawyer got him acquitted in the case.
(a) convicted (b) argued (c) suspected (d) pleaded
40. The students stood in an orderly line.
(a) confused (b) chaotic (c) heat (d) methodical

Direction (41 to 45): *Idiom/Phrase.*
41. To put two and two together
(a) to bear the brunt of (b) to conclude from obvious fact (c) to put off (d) to put on a false appearance
42. To wash dirty linen in public
(a) to quarrel openly (b) to clean solid linen (c) to the hidden meaning of the word (d) to wash dirty clothes
43. to read between the lines
(a) to suspect (b) to read carefully (c) to understand the hidden meaning of the word (d) to do useless things
44. To face the music
(a) to prepare to give a musical performance (b) to suffer evil consequences (c) to suffer hardships (d) to change the things
45. To leave no stone unturned
(a) to keep clean and tidy (c) to try utmost (c) to work enthusiastically (d) to change the things

Direction (46 to 50): *Choose the word which is most similar in meaning.*
46. Establish
(a) Prove (b) Hold on (c) Removed (d) Set up
47. Conferred
(a) Offered (b) Divulged (c) Damaged (d) Advised
48. Command
(a) Consolation (b) Order (c) Amendment (d) Assignment
49. Power
(a) Training (b) Electricity (c) Drive (d) Authority
50. Element
(a) Prime (b) Component (c) Persons (d) Particle

Direction (51 to 55): *Form a meaningful sentences.*
51. P. Will you be Q. doing in R. What S. twenty years time
(a) PQRS (b) SRQP (c) RPQS (d) RSQP
52. P. again. I'll Q. call you R. before S. we meet
(a) RSPQ (b) PSQR (c) PQRS (d) SRQP
53. P. Seeing william tomorrow Q. him the message R. So I can give S. I'll be
(a) RSQP (b) SPRQ (c) QPRS (d) SRQP
54. P. by the time Q. Seema's house R. She'll have left S. We get to
(a) PQRS (b) SRPQ (c) QSPR (d) PSQR
55. P. will you e Q. Next lesson R. Video for the S. Using the
(a) PSRQ (b) PSQR (c) PQRS (d) PQSR

Direction (56 to 60): *Find out weather there is any error of the sentence.*
56. The boys (a)/leave the school (b)/at four o'clock (c)/No error (d)
57. The minister along with his/party colleagues have (b)/been given a warm (c)/reception at the function (d)
58. You should not be (a)/so quick in giving (b)/advice lest you will be (c)/perceived as interfering in other affairs (d)
59. He sent (a)/a word that (b)/he would (c)/come soon (d)
60. Everyday when he (a)/passes through this side (b)/all the employee gather (c)/around to have a glimpse (d)
61. একটি সংখ্যাকে 4, 5 এবং 6 দ্বারা পরপর ভাগ করলে ভাগশেষ হয় যথাক্রমে 2, 3, 4 সংখ্যাটি হল:
(a) 214 (b) 476 (c) 954 (d) 1908
62. একটি চৌবাচ্চার $\frac{3}{5}$ অংশ ভর্তি করতে 1 মিনিট সময় লাগলে আর কত সময়ে বাকি অংশ পূর্ণ হবে?
(a) 20 সেকেন্ডে (b) 25 সেকেন্ডে (c) 40 সেকেন্ডে (d) 45 সেকেন্ডে
63. একটি দুই অঙ্কের সংখ্যার অঙ্ক দু'টির গুণফল 8; সংখ্যাটির সঙ্গে 18 যোগ করলে সংখ্যাটি উল্টে যায়, সংখ্যাটি হল:
(a) 24 (b) 25 (c) 26 (d) 27
64. একটি আয়তাকার মাঠের দৈর্ঘ্য 10% বাড়ানো হল এবং প্রস্থ 10% কমানো হল। এর ফলে ক্ষেত্রফলের পরিবর্তন হল:
(a) 1% বৃদ্ধি (b) 1% হ্রাস (c) 2% বৃদ্ধি (d) 2% হ্রাস
65. একটি গাড়ি প্রতি সেকেন্ডে 5 মিটার যায়। কিমি/ঘণ্টা এককে গাড়িটির বেগ হবে,
(a) $\frac{18}{1}$ (b) $\frac{24}{1}$ (c) $\frac{30}{1}$ (d) $\frac{35}{1}$
66. একটি সংখ্যাকে 56 দিয়ে ভাগ করলে 29 ভাগশেষ থাকলে ওই সংখ্যাকে 8 দিয়ে ভাগ করলে ভাগশেষ থাকবে:
(a) 2 (b) 3 (c) 4 (d) 5
67. যে লঘিষ্ঠ সংখ্যাটি দ্বারা 2592-কে ভাগ করলে ভাগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে তা হল:
(a) 2 (b) 4 (c) 5 (d) 7
68. একটি সংখ্যা অপর একটি সংখ্যার তিনগুণ। তাদের গুণফল 1323। বৃহত্তর সংখ্যাটি হল:
(a) 61 (b) 62 (c) 63 (d) 64
69. একটি ধনাত্মক সংখ্যার বর্গ ওর তিনগুণের চেয়ে 460 বেশি। সংখ্যাটি হল।
(a) 21 (b) 23 (c) 25 (d) 27
70. একটি মিশ্রণে স্পিরিট ও জলের পরিমাণের অনুপাত 7 : 2, এখানে স্পিরিটের পরিমাণ জলের চেয়ে 10 লিটার বেশি। মিশ্রণের মোট পরিমাণ (লিটারে):
(a) 18 (b) 19 (c) 20 (d) 21
71. 60 এবং 75 এর মধ্যবর্তী মৌলিক সংখ্যাগুলির যোগফল হয়:
(a) 270 (b) 271 (c) 272 (d) 273
72. যে সংখ্যার সঙ্গে 39-এর অনুপাত, 6-এর সঙ্গে 13-এর অনুপাতের সমান; সে সংখ্যাটি হল:
(a) 18 (b) 19 (c) 20 (d) 21
73. যে ক্ষুদ্রতম পূর্ণবর্গ সংখ্যা 16, 24, 32 দ্বারা বিভাজ্য সেটি হল:
(a) 574 (b) 576 (c) 324 (d) 194
74. একটি শহরের লোকসংখ্যা 5720, এখানে পুরুষের সংখ্যা স্ত্রীলোকের চেয়ে 32 জন বেশি। পুরুষের সংখ্যা কত?
(a) 3010 (b) 3015 (c) 3020 (d) 3025
75. ঘণ্টায় 72 কিমি বেগে চলমান একটি ট্রেন 12 সেকেন্ডে একটি ল্যাম্প পোস্ট অতিক্রম করে। ট্রেনটির দৈর্ঘ্য (মিটারে) নির্ণয় করুন:
(a) 170 (b) 176 (c) 178 (d) 240
76. দু'টি সংখ্যার গুণফল ও ভাগফল 128 এবং 2। বড় সংখ্যাটি নির্ণয় করুন।
(a) 14 (b) 15 (c) 16 (d) 17
77. 20টি ঘোড়ার 15 দিনের উপযুক্ত শস্য আছে। 30টি ঘোড়ার ওই শস্যে চলবে কতদিন?
(a) 9 দিন (b) 10 দিন (c) 11 দিন (d) 12 দিন
78. একটি জিনিস 455 টাকায় বিক্রি করলে 9% ক্ষতি হয়। 10% লাভ করতে হলে এর বিক্রয়মূল্য কত হবে?
(a) 550 টাকা (b) 540 টাকা (c) 530 টাকা (d) 520 টাকা
79. 44 কিমি তফাতে দু'টি শহর হতে দুই বন্ধু ঘণ্টায় 4 কিমি ও 7 কিমি বেগে রওনা হল, এরা মিলিত হয়:
(a) 4 ঘণ্টায় (b) 3 ঘণ্টায় (c) 2 ঘণ্টায় (d) 1 ঘণ্টায়
80. একটি সংখ্যা 20% বর্ধিত হয় ও আবার 20% বর্ধিত হয়। শতকরা হিসাবে মূল সংখ্যা বর্ধিত হয় কত?
(a) 42 (b) 43 (c) 44 (d) 45

Direction (81 and 82): *নীচের দু'টি শব্দে অক্ষরগুলি দিয়ে কোন উত্তরগুলি তৈরি করা যাবে না?*
81. Manuscript
(a) SMART (b) RUSTIC (c) MASTER (d) PRIMUS
82. RESEARCH
(a) SEARCH (b) REACH (c) HEAR (d) READ
83. যদি A + B + C + Z = 54 তাহলে C + D + W + X = ?
(a) 45 (b) 54 (c) 56 (d) 52
84. যদি '+' মানে '÷', '–' মানে '×', '×' মানে '+' এবং '÷' মানে '–', তাহলে
$90 + 18 - 6 \times 30 \div 4 = ?$
(a) 64 (b) 65 (c) 56 (d) 48
85. যদি 264 * 2 = 6, 870 * 3 = 11 তাহলে 735 * 5 = ?
(a) 16 (b) 03 (c) 05 (d) 12

নির্দেশ (86 and 87): *চিহ্নিত স্থানে (?) কোন পদ বসবে?*
86. F : 216 : : L : ?
(a) 1700 (b) 1600 (c) 1723 (d) 1728
87. 10 : 91 : : 9 : ?
(a) 69 (b) 72 (c) 89 (d) 97
88. যদি RUMOUR কে লেখা হয় QSJKPL তাহলে HERMIT কে কীভাবে লেখা যাবে?
(a) GEPKHR (b) GCOIDN (c) GCPIDM (d) GCPIEN
89. শূন্যস্থানগুলি পূরণ করুন:
___ ___ baa baa ___ aa ___
(a) bbaa (b) baab (c) aabb (d) abab
90. নীচের চিত্রটিতে কতগুলি ত্রিভুজ আছে?

(a) 16 (b) 18 (c) 20 (d) 24

উত্তর

1(c), 2(a), 3(b), 4(c), 5(c), 6(b), 7(d), 8(a), 9(b), 10(a), 11(a), 12(d), 13(d), 14(c), 15(b), 16(c), 17(d), 18(c), 19(c), 20(c), 21(b), 22(c), 23(a), 24(d), 25(b), 26(a), 27(b), 28(a), 29(b), 30(c), 31(b), 32(d), 33(c), 34(a), 35(d), 36(a), 37(c), 38(a), 39(a), 40(b), 41(b), 42(a), 43(c), 44(b), 45(b), 46(d), 47(a), 48(b), 49(d), 50(b), 51(c), 52(a), 53(b), 54(d), 55(a), 56(d), 57(b), 58(c), 59(b), 60(c), 61(a), 62(c), 63(a), 64(b), 65(a), 66(d), 67(a), 68(c), 69(b), 70(a), 71(c), 72(a), 73(b), 74(c), 75(d), 76(c), 77(b), 78(a), 79(a), 80(c), 81(c), 82(d), 83(b), 84(c), 85(d), 86(d), 87(b), 88(b), 89(c), 90(c).

প্রস্তুত করেছেন: সাগর রা

https://t.me/bettersolution4u www.bettersolution4u.blogspot.com

কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার গ্র্যাজুয়েট

প্রথম পাতার পর

রেভেনিউ), সাব-ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব ইনভেস্টিগেশন), ইনস্পেক্টর-পোস্টস (ডিপার্টমেন্ট অব পোস্টস), ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স), রিসার্চ অ্যাসিস্ট্যান্ট (ন্যাশনাল হিউম্যান রাইটস কমিশন), ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট (ক্যাগ-এর অধীনস্থ অফিসে), সাব-ইনস্পেক্টর (ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি), জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার (স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন মন্ত্রক) স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর গ্রেড-টু (রেজিস্ট্রার জেনারেল অব ইন্ডিয়া)। গ্রুপ 'সি'– অডিটর (ক্যাগ-এর অধীনস্থ অফিসে), অডিটর (কন্ট্রোলার জেনারেল অব ডিফেন্স অ্যাকাউন্টসের অধীনস্থ অফিসে), অন্যান্য মন্ত্রক ও দপ্তরে অডিটর, অ্যাকাউন্ট্যান্ট (ক্যাগ-এর অধীনস্থ অফিসে), অ্যাকাউন্ট্যান্ট/জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট (অন্যান্য মন্ত্রক ও দপ্তরে), সিনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট/আপার ডিভিশন ক্লার্ক (সি এস সি এস ক্যাডার ব্যতীত কেন্দ্রীয় সরকারি বিবিধ মন্ত্রক ও অফিসে), ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল বোর্ড অব ডাইরেক্ট ট্যাক্সেস), ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস), সাব ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স)।

দৈহিক প্রতিবন্ধীরা অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (আই বি), অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার (ডিরেক্টোরেট অব এনফোর্সমেন্ট, রেভেনিউ), ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স), সাব-ইনস্পেক্টর (সি বি আই এবং এন আই এ), সাব-ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স), অডিটর (কন্ট্রোলার জেনারেল অব ডিফেন্স অ্যাকাউন্টসের অধীনস্থ অফিস) পদে বিবেচিত হবেন না।

শিক্ষাগত যোগ্যতা: অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার এবং অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার পদের ক্ষেত্রে স্নাতক। সেই সঙ্গে নিম্নলিখিত যে-কোনও একটি যোগ্যতা থাকলে অগ্রাধিকার: চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট, কোম্পানি সেক্রেটারি, এম কম, বিজনেস স্টাডিজে স্নাতকোত্তর ডিগ্রি, এম বি এ (ফিনান্স), বিজনেস ইকনমিক্সে স্নাতকোত্তর ডিগ্রি।

জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার পদের ক্ষেত্রে যে-কোনও বিষয়ে স্নাতক। উচ্চমাধ্যমিকে অঙ্কে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে অথবা স্নাতকে অন্যতম বিষয় হিসেবে স্ট্যাটিস্টিক্স পড়ে থাকতে হবে।

স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর গ্রেড-টু পদের ক্ষেত্রে যে-কোনও বিষয়ে স্নাতক। স্নাতকে অন্যতম বিষয় হিসেবে স্ট্যাটিস্টিক্স পড়ে থাকতে হবে।

অ্যাসিস্ট্যান্ট (ন্যাশনাল কম্পানি ল অ্যাপিলেট ট্রাইবুনাল) পদের ক্ষেত্রে স্নাতক। আইনে স্নাতক পাশরা অগ্রাধিকার পাবেন।

রিসার্চ অ্যাসিস্ট্যান্ট (ন্যাশনাল হিউম্যান রাইটস কমিশন) পদের ক্ষেত্রে স্নাতক। গবেষণা-সংক্রান্ত কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে, আইন বা হিউম্যান রাইটসে ডিগ্রি থাকলে অগ্রাধিকার।

অন্যান্য সবক'টি পদের ক্ষেত্রে যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট।

অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস, এয়ারফোর্স হেডকোয়ার্টার্স এবং মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স) এবং অ্যাসিস্ট্যান্ট (সিরিয়াস ফ্রড ইনভেস্টিগেশন অফিস), অ্যাসিস্ট্যান্ট (মিনিস্ট্রি অব মাইনস), ইনস্পেক্টর (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস) পদের ক্ষেত্রে অতিরিক্ত কম্পিউটারের দক্ষতা থাকতে হবে।

ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে ১ জানুয়ারির মধ্যে ফাইনাল রেজাল্ট হাতে পেয়ে থাকতে হবে।

বয়স: ১-১-২০২২ তারিখে ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টসে অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার ও অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার, ইন্টেলিজেন্স ব্যুরো-সহ বিভিন্ন দপ্তর ও মন্ত্রকের অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার, অ্যাসিস্ট্যান্ট/সুপারিন্টেন্ডেন্ট, ইনস্পেক্টর অব ইনকাম ট্যাক্স (সেন্ট্রাল বোর্ড অব ডাইরেক্ট ট্যাক্সেস), ইনস্পেক্টর (সিজিএসটি অ্যান্ড সেন্ট্রাল এক্সাইজ), ইনস্পেক্টর (প্রিভেন্টিভ অফিসার, এক্সামিনার, অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার, ইনস্পেক্টর পোস্টস (ডিপার্টমেন্ট অব পোস্ট), ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অন নার্কোটিক্স), ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট, সাব ইনস্পেক্টর (এন আই এ), রিসার্চ অ্যাসিস্ট্যান্ট এবং স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর গ্রেড-টু পদের ক্ষেত্রে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে, অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস, মিনিস্ট্রি অব রেলওয়ে, মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স, এয়ারফোর্স হেডকোয়ার্টার্স), অ্যাসিস্ট্যান্ট এবং সাব-ইনস্পেক্টর (সি বি আই) পদের ক্ষেত্রে ২০ থেকে ৩০ বছরের মধ্যে, জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার (স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন) পদের ক্ষেত্রে ৩২ বছরের মধ্যে এবং বাকি সবক'টি পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে।

বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা বয়সে ১০ (তফসিলি প্রতিবন্ধীরা ১৫, ও বি সি প্রতিবন্ধীরা ১৩) বছরের ছাড় পাবেন। গ্রুপ 'সি' পদগুলির ক্ষেত্রে বিধবা, আইনত স্বামীবিচ্ছিন্ন ও বিবাহবিচ্ছিন্ন মহিলারা ফের বিয়ে না করে থাকলে ৩৫ বছর (তফসিলিদের ক্ষেত্রে ৪০ বছর) বয়স পর্যন্ত আবেদন করতে পারবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

দৈহিক মাপজোক: ইনস্পেক্টর (সেন্ট্রাল এক্সাইজ, এক্সামিনার, প্রিভেন্টিভ অফিসার) এবং সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সের ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর পদের ছেলেদের ক্ষেত্রে: উচ্চতা ১৫৭.৫ সেমি, বুকের ছাতি ৫ সেমি ফুলিয়ে অন্তত ৮১ সেমি। তফসিলি উপজাতি ও গোর্খা প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা অন্তত ১৫২ সেমি। ওজন ৪৮ কেজি। তফসিলি উপজাতি ও গোর্খা প্রার্থীরা উচ্চতা এবং ওজনে যথাক্রমে ২.৫ সেমি ও ২ কেজি ছাড় পাবেন।

সি বি আইয়ের সাব-ইনস্পেক্টর পদের ছেলেদের ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেমি। বুকের ছাতি: ফুলিয়ে ৭৬ সেমি। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৫০ সেমি। উভয়ক্ষেত্রেই আদিবাসী ও পার্বত্য অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন।

ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সিতে সাব-ইনস্পেক্টর পদের ছেলেদের ক্ষেত্রে উচ্চতা: ১৭০ সেমি। বুকের ছাতি: ফুলিয়ে ৭৬ সেমি। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৫০ সেমি। উভয়ক্ষেত্রেই আদিবাসী ও পার্বত্য অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন।

দৃষ্টিশক্তি: সি বি আইয়ের সাব-ইনস্পেক্টর এবং ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সিতে সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে চশমা ছাড়া বা চশমা-সহ দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। কাছের ক্ষেত্রে এক চোখে ০.৬ এবং অন্য চোখে ০.৮।

রাজ্যে পরীক্ষা হবে পশ্চিমবঙ্গের এইসব কেন্দ্রে (ব্র্যাকেটে সেন্টার কোড নম্বর): আসানসোল (৪৪১৭), কলকাতা (৪৪১০), কল্যাণী (৪৪১৯), শিলিগুড়ি (৪৪১৫)।

কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১)-এ প্রশ্ন হবে এইসব বিষয়ে: জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং ইংলিশ কম্প্রিহেনশন। মোট ২০০ নম্বরের পরীক্ষা। সময় ১ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-২)-এ অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এইসব বিষয়ে: কোয়ান্টিটেটিভ এবিলিটি, ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন, জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার এবং স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর গ্রেড-টু পদের ক্ষেত্রে সেইসঙ্গে স্ট্যাটিস্টিক্স এবং অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার ও অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসারের ক্ষেত্রে অতিরিক্ত জেনারেল স্টাডিজ (ফিনান্স ও ইকনমিক্স)। প্রতিটি পেপারে নম্বর ২০০। সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

টিয়ার-৩ খাতায়-কলমে পরীক্ষা। পরীক্ষায় থাকবে ইংরেজিতে এসে রাইটিং, প্রেসি রাইটিং, লেটার রাইটিং, অ্যাপ্লিকেশন রাইটিং ইত্যাদি। মোট নম্বর ১০০। সময় ১ ঘণ্টা।

ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস), সেন্ট্রাল বোর্ড অব ডিরেক্ট ট্যাক্সেস) ও আপার ডিভিশন ক্লার্ক সিনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ডেটা এন্ট্রি স্পিড টেস্ট হবে। প্রার্থীর ঘণ্টায় ৮,০০০ কি ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস, এয়ারফোর্স হেডকোয়ার্টার্স এবং মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স) এবং অ্যাসিস্ট্যান্ট (সিরিয়াস ফ্রড ইনভেস্টিগেশন অফিস), অ্যাসিস্ট্যান্ট (মিনিস্ট্রি অব মাইনস), ইনস্পেক্টর (সি জি এস টি অ্যান্ড সেন্ট্রাল এক্সাইজ, সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস), ইনস্পেক্টর (এক্সামিনার, প্রিভেন্টিভ অফিসার) এবং অ্যাসিস্ট্যান্ট (ন্যাশনাল কম্পানি ল অ্যাপিলেট ট্রাইবুনাল) পদের ক্ষেত্রে নেওয়া হবে কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট।

ইনস্পেক্টর (সেন্ট্রাল এক্সাইজ, এক্সামিনার, প্রিভেন্টিভ অফিসার) এবং সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সের ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষা হবে। ছেলেদের ক্ষেত্রে থাকবে ১৫ মিনিটে ১,৬০০ মিটার হাঁটা, ৩০ মিনিটে ৮ কিলোমিটার সাইক্লিং। মহিলাদের ক্ষেত্রে থাকবে ২০ মিনিটে ১ কিলোমিটার হাঁটা, ২৫ মিনিটে ৩ কিলোমিটার সাইক্লিং।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssconline.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ২৩ জানুয়ারি পর্যন্ত অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (জে পি জি ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) ও সই (জে পি জি ফর্ম্যাটে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ২৩-১২-২০২১ তারিখ অনুসারে তিন মাসের বেশি পুরনো ফটো চলবে না। ফটোটি যে-তারিখে তোলা সেটি ফটোতে প্রিন্টেড থাকতে হবে। অনলাইন দরখাস্তের সময় রেজিস্ট্রেশন আই ডি ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না। চালানের মাধ্যমে নগদে ফি জমা দিতে পারেন স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। অথবা অনলাইনে ভীম ইউ পি আই বা এস বি আই নেট ব্যাঙ্কিং বা ভিসা বা মাস্টার কার্ড বা মায়েস্ত্রো বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমেও ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৫ জানুয়ারি। চালানের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে ২৭ জানুয়ারি পর্যন্ত। সে ক্ষেত্রে চালান ডাউনলোড করতে হবে ২৬ জানুয়ারির মধ্যে। অনলাইনে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইন দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর-সহ পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

কেন্দ্রীয় সরকারে ১৮৩

প্রথম পাতার পর

উপজাতি ৬, ও বি সি ২০, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স বা ইলেক্ট্রনিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন— যে-কোনও একটি বিষয়ে বি ই বা বি টেক। সেই সঙ্গে ২ বছরের অভিজ্ঞতা। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে প্রতিরক্ষা মন্ত্রকের ডিফেন্স প্রোডাকশন দপ্তরের ডিরেক্টরেট জেনারেল কোয়ালিটি অ্যাসিওরেন্সে।

ভ্যাকেন্সি নম্বর ২১১২১৯০৪৬২৫: **অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার-কোয়ালিটি অ্যাসিওরেন্স (জেনটেক্স):** ৫৪টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স বা কেমিস্ট্রি (অর্গ্যানিক বা ইনঅর্গ্যানিক)-তে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা মেকানিক্যাল, মেটালার্জি, টেক্সটাইল অ্যান্ড ক্লোদিং, টেক্সটাইল টেকনোলজি, প্ল্যাস্টিক টেকনোলজি, পলিমার টেকনোলজি, সেরামিক্স টেকনোলজি— যে-কোনও একটি বিষয়ে বি ই বা বি টেক। সেই সঙ্গে ২ বছরের অভিজ্ঞতা। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে প্রতিরক্ষা মন্ত্রকের ডিফেন্স প্রোডাকশন দপ্তরের ডিরেক্টরেট জেনারেল কোয়ালিটি অ্যাসিওরেন্সে।

ভ্যাকেন্সি নম্বর ২১১২১৯০৫৪২৫: **জুনিয়র টাইম স্কেল-গ্রেড অব সেন্ট্রাল লেবার সার্ভিস:** ১৭টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক ডিগ্রি-সহ সোশ্যাল ওয়ার্ক বা লেবার ওয়েলফেয়ার বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা পার্সোনেল ম্যানেজমেন্ট বা লেবার ল বিষয়ে ডিপ্লোমা। আইনে স্নাতক ডিগ্রি থাকলে অগ্রাধিকার। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকে।

ভ্যাকেন্সি নম্বর ২১১২১৯০৬৪২৫: **অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া):** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিকভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। সেই সঙ্গে ২ বছরের অভিজ্ঞতা। পার্সোনেল ম্যানেজমেন্ট বা আইনে ডিগ্রি থাকলে অগ্রাধিকার। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে খনি মন্ত্রকে।

১৩-১-২০২২ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৩ জানুয়ারি। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ফি বাবদ দিতে হবে ২৫ টাকা। অফলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় অথবা অনলাইনে ভিসা বা মাস্টার ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে ফি জমা দিতে হবে। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। দরখাস্ত জমা দেওয়ার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট নেওয়ার শেষ তারিখ ১৪ জানুয়ারি। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

আর্মি, নেভি ও এয়ারফোর্সে ৪০০ অফিসার

প্রথম পাতার পর

(ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি) শূন্যপদ ৩০টি।

ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমিতে আর্মি শাখার জন্য শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমির এয়ারফোর্স ও ন্যাভাল ব্রাঞ্চ এবং ন্যাভাল অ্যাকাডেমিতে ১০+২ ক্যাডেট এন্ট্রির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল। উভয় ক্ষেত্রেই যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন বা দিতে চলেছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন।

জন্মতারিখ: সব ক্ষেত্রেই জন্মতারিখ হতে হবে ২-৭-২০০৩ থেকে ১-৭-২০০৬-এর মধ্যে।

তিন বাহিনীর ক্ষেত্রেই নির্দিষ্ট দৈহিক মাপজোক ও দৃষ্টিশক্তি থাকতে হবে।

লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে এই দু'টি বিষয়ে: ম্যাথমেটিক্স (কোড ০১), জেনারেল এবিলিটি টেস্ট (কোড ০২)। ম্যাথমেটিক্সে মোট নম্বর ৩০০। জেনারেল এবিলিটি টেস্ট অংশে নম্বর ৬০০। দুটি পর্বেরই সময়সীমা আড়াই ঘণ্টা করে। প্রশ্ন হবে অবজেক্টিভ ধরনের। কোড ০১-এ থাকবে অ্যালজেব্রা, ম্যাট্রিক্স অ্যান্ড ডিটারমিন্যান্টস, ট্রিগোনোমেট্রি, অ্যানালিটিক্যাল জিওমেট্রি অব টু অ্যান্ড থ্রি ডায়মেনশনস, ডিফারেন্সিয়াল ক্যালকুলাস, ইন্টিগ্রাল ক্যালকুলাস অ্যান্ড ডিফারেন্সিয়াল ইকুয়েশনস, ভেক্টর অ্যালজেব্রা এবং স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোবাবিলিটি। কোড ০২-এর পার্ট 'এ'-তে ইংরেজি (২০০ নম্বর) ও পার্ট 'বি'-এ জেনারেল নলেজের (৪০০ নম্বর) প্রশ্ন থাকবে। জেনারেল নলেজ অংশে ফিজিক্স, কেমিস্ট্রি, জেনারেল সায়েন্স, হিস্ট্রি, ফ্রিডম মুভমেন্ট, জিওগ্রাফি ও কারেন্ট ইভেন্ট বিষয়ক প্রশ্ন হবে। সব ক্ষেত্রেই ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং আছে।

লিখিত পরীক্ষার পরে হবে ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্ট। দুই পর্বে পরীক্ষা হবে। প্রথম পর্যায়ে থাকবে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট, পিকচার পারসেপশন ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকবে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজি টেস্ট ও কনফারেন্স। প্রথম পর্যায়ের পরীক্ষায় সফল হলে তবেই দ্বিতীয় পর্যায়ের পরীক্ষার জন্য ডাক পাওয়া যাবে।

নির্বাচিত প্রার্থীদের প্রথমে ৩ বছরের ট্রেনিং দেওয়া হবে। প্রথম আড়াই বছরের ট্রেনিং সবার ক্ষেত্রে একই। সফলরা জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের বি এসসি বা বি এসসি (কম্পিউটার) বা বি টেক (এয়ারফোর্স এবং নেভির ক্ষেত্রে) বা বি এ ডিগ্রি পাবেন। এরপর উইং অনুসারে বিশেষ ট্রেনিং দেওয়া হবে যথাক্রমে আর্মির জন্য দেরাদুনের ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমিতে, নেভির জন্য এঝিমালার ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে, এয়ারফোর্সের জন্য হায়দরাবাদের এয়ারফোর্স অ্যাকাডেমি এবং এয়ারফোর্স (গ্রাউন্ড ডিউটি-নন টেকনিক্যাল)-এর জন্য বেঙ্গালুরুর এয়ারফোর্স টেকনিক্যাল কলেজে। ১০+২ ক্যাডেট এন্ট্রি স্কিমের আওতায় প্রশিক্ষণপ্রাপ্তরা সফলভাবে ট্রেনিং শেষে বি টেক ডিগ্রি পাবেন।

পেশাদারি ট্রেনিংয়ের সময় মাসে ৫৬,১০০ টাকা স্টাইপেন্ড পাওয়া যাবে। নিয়োগ হলে শুরুতে বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

কেবল অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ১১ জানুয়ারি পর্যন্ত। দু'টি পার্টে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইনে আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই (উভয়ই জে পি জি ফর্ম্যাটে ২০-৩০০ কেবি সাইজের মধ্যে) এবং বৈধ সচিত্র পরিচয়পত্র (পি ডি এফ ফর্ম্যাটে ২০-৩০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ সাধারণত নগদ ১০০ টাকা জমা দেওয়া যায় পে-ইন-স্লিপের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। পে-ইন-স্লিপ ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। পার্ট-টু রেজিস্ট্রেশনের সময় পে-ইন স্লিপের প্রিন্ট আউট নেবেন। পে-ইন স্লিপের প্রিন্ট আউট নেওয়ার পরের কাজের দিন ব্যাঙ্কে গিয়ে নগদে ফি জমা দেবেন। পে-ইন-স্লিপ জেনারেট করার শেষ তারিখ ১০ জানুয়ারি। এ ছাড়া অনলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার নেট ব্যাঙ্কিং পরিষেবার মাধ্যমে অথবা ভিসা বা মাস্টার বা রুপে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ডের মাধ্যমেও ফি দেওয়া যাবে। অনলাইনে ফি জমা দিলে ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। মহিলা, তফসিলি, কর্মরত সৈনিক, প্রাক্তন জুনিয়র কমিশন্ড অফিসার, নন-কমিশন্ড অফিসার এবং আর্মির অন্যান্য র‍্যাঙ্কের কর্মী এবং নেভি ও এয়ারফোর্সের সমতুল র‍্যাঙ্কের কর্মীদের সৈনিক স্কুলে পাঠরত ছেলেদেরও ফি লাগবে না।

অনলাইনে দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

দরখাস্ত প্রত্যাহার করা যাবে ১৮ থেকে ২৪ জানুয়ারি পর্যন্ত।

দৈহিক মাপজোক, দৃষ্টিশক্তি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইটগুলি: http://www.upsc.gov.in, www.joinindianarmy.nic.in, www.joinindiannavy.gov.in, www.careerindianairforce.cdac.in

@bettersolution4u https://ebooks.bettersolution4u.in

E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in